

প্রত্যেক মুসলিমের যে সব বিষয় জানা ওয়াজিব

মূল: মুহাম্মাদ বিন সুলাইমান আত্তামীমী (রহ.)



প্রত্যেক মুসলিমের যে সব বিষয় জানা ওয়াজিব

মৃল : মুহাম্মাদ বিন সুলাইমান আভামীমী (রহ.)

অনুবাদ ও সম্পাদনায় : বায়েজীদ মাহমুদ কয়সল



প্রত্যেক মুসলিমের যে সব বিষয় জানা ওয়াজিব

মূল: মুহাম্মাদ বিন সুলাইমান আত্তামীমী (রহ.)

অনুবাদ ও সম্পাদনায় বায়েজীদ মাহমুদ ফয়সল

প্রকাশক

পাণুলিপি প্রকাশন মানিকপীর রোড, কুমারপাড়া, সিলেট মোবাইল: ০১৭১২৮৬৮৩২৯

প্রকাশকাল

অক্টোবর ২০১১

পরিবেশক

ইপটিটিউট ফর কমিউনিটি ডেভোলপ্রেন্ট (ICI)) ১৪/৮, ইকবাল রোড (৩য় ওলা) মোহাম্মদপুর, ঢাকা।

এডুকেশন সেন্টার সিলেট (ECS) পশ্চিম সুবিদবাজার, সুনামগঞ্জ রোড, সিলেট মোবাইল: ০১৭১২-৬৬৮৩৪৫

সালেহ্ বুক স্টল হাজী কুদরতউল্লাহ মার্কেট (২য় তলা), সিলেট

প্রচ্ছদ

মোহাম্মদ হাসানুজ্জামান

অক্ষরবিন্যাস

মোঃ আব্দুল মুমিন

মুদুণ

পাণ্ডুলিপি প্রিন্টিং অ্যান্ড প্যাকেজিং, সিলেট

মূল্য ৩০ টাকা

Prottek Muslimer Jeshab Bishoy Jhana Wajib, by Muhammad Bin Sulaiman Attamimi (R.), Edited by: Bayjid Mahmud Foysol, Published by Pandulipi Prokashon, Sylhet. Price: Tk 30

ISBN: 978-984-8922-11-8

প্রসঙ্গ: পূর্বকথা

'ইন্নাল হাম্দা লিল্লাহ। ওয়াস্সালাতু ওয়াস্সালামু আলা রাসুলিল্লাহ (সা.)।'
সমস্ত প্রশংসা একমাত্র আল্লাহর জন্য যিনি মানুষকে সর্ববিষয়ে বিশেষ জ্ঞান
ও শিক্ষা দিয়ে তাঁর সৃষ্টিকুলের মধ্যে শ্রেষ্ঠত্ব দান করেছেন। দুরুদ ও সালাম
বর্ষিত হোক বিশ্বমানবতার মুক্তির অগ্রদুত মুহাম্মাদ (সা.)-এর উপর।
অতঃপর সর্বোত্তম কথা হচ্ছে আল্লাহর অবতীর্ণ কিতাব, উত্তম পথ-নির্দেশনা
হচ্ছে মুহাম্মাদ (সা.)-এর পথ-নির্দেশনা। কোনো নতুন আবিষ্কৃত ইবাদাত
হচ্ছে ইসলামে নিকৃষ্টতম কাজ। প্রতিটি নতুন আবিষ্কৃত ইবাদাত হলো
বিদ্যাত; আর প্রতিটি বিদ্যাত হলো পথভ্রষ্টতা। প্রত্যেক পথভ্রষ্টতাই
মানুষকে জাহানুমের দিকে ধাবিত করে।

দুনিয়া সৃষ্টির পর থেকে আল্লাহ তাআ'লা মানুষের ইহকালীন কল্যাণ ও মৃত্যুর পর চিরশান্তির পয়গামকে বিভিন্ন জাতির কাছে পৌছে দিয়েছেন নবী ও রসুলগণের মাধ্যমে। প্রত্যেক যুগেই আল্লাহ প্রেরিত নবী-রসুলগণ নিজ নিজ জাতিকে আল্লাহর পথে দাওয়াত, দ্বীন প্রতিষ্ঠার সুকঠিন দায়িত্ব আন্জাম দিয়ে গেছেন। দাওয়াতি কাজের জন্য তারা অবর্ণনীয় দুঃখ-কষ্ট ও নির্যাতন সহ্য করেছেন। এ দ্বীন প্রতিষ্ঠার কাজে আল্লাহর রাহে জীবন দিয়েছেন অসংখ্য মর্দে- মুজাহিদ। যুগে যুগে হক প্রতিষ্ঠায় তাগুতি শক্তির সাথে লড়াই করছেন আল্লাহর পথের সৈনিকগণ। সমগ্র মানবজাতির মুক্তির পথ-নির্দেশনা দিয়ে আল্লাহ রাব্বুল আলামীন হয়রত মুহাম্মাদ (সা.)-কে সর্বশেষ রসুল হিসেবে প্রেরণ করেছেন। তাঁর আনীত জীবনব্যবস্থা সর্বকালের জন্য সকল মানুষের ইহকালীন কল্যাণ ও পরকালীন মুক্তির শাশ্বত সনদ। শেষ নবীর উম্মতকে আল্লাহ রাব্বুল আলামীন কুরআনে অন্যসব জাতির উপর দিয়েছেন অন্য মর্যাদা।

এ প্রসঙ্গে আল্লাহ বলেন:

﴿ كُنْتُمْ خَيْرَ أُمَّةٍ أُخْرِجَتْ لِلنَّاسِ تَأْمُرُونَ بِالْمَعْرُوفِ وَتَنْهَوْنَ عَنِ الْمُنْكَرِ ﴾ (العرن: ١٠٠) 'তোমরাই সর্বোত্তম জাতি যাদেরকে মানুষের কল্যাণের জন্য সৃষ্টি করা হয়েছে। তোমরা সংকাজের আদেশ দাও এবং অসংকাজে নিষেধ করো।'

১. সুরা-আ'লি ইমরান : ১১০

বস্তুত এ আয়াতে আল্লাহ উন্মতে মোহান্দদীকে অনন্য দায়িত্ব পালনের জন্য মনোনীত করেছেন। আর এ দায়িত্ব পালনের জন্য উত্তম নির্দেশনা আল কুরআন এবং রসুল (সা.)-এর সুনাহকে আমাদের জন্য করে দিয়েছেন সর্বোত্তম নেয়ামত। কিন্তু শয়তানের ফাঁদ বড়ই বিস্তৃত। মানবজীবনের প্রতিটি ক্ষেত্রে এই ফাঁদকে প্রসারিত করে রেখেছে। যেমন আমরা দেখতে পাই দ্বীনের অনুসরণে উদাসীনতা ছাড়াও আমাদের মধ্যে অনেকেই ধর্মের নামে শির্ক, কুফ্র ও বিদ্আ'তী কার্যকলাপ এবং স্বার্থসিদ্ধি হাসিলেও পিছপা হচ্ছে না। মু'মিন জীবনের এই দৈন্যদশা আর কতদিন চলবেং বিশ্বমানবতার মুক্তির সনদ আল কুরআনের আদর্শকে আঁকড়ে ধরে এবং রসুল (সা.) প্রদর্শিত জীবন পদ্ধতিকে অনুসরণ ও প্রতিষ্ঠার এখনই সময়।

﴿ وَاعْتَصِمُوا بَحَبْلِ الله حَمِيْعًا وَ لاَ تَفَرَّقُوا ﴾. (آل عمران: ١٠٢)

তোমরা সংঘবদ্ধভাবে আল্লাহর রজ্জুকে আঁকড়ে ধর, পরস্পর বিচ্ছিন্ন হয়ে। না। বিশ্ব মুসলিমের এই ঐক্য-চেতনা ব্যতিরেকে শয়তানি চক্রান্ত ও তার অনুসারীদের তন্ত্রমন্ত্র মতবাদ থেকে নিজেদের অন্তিত্ব রক্ষা সম্ভব নয়। ঐক্যবদ্ধ ঈমানি শক্তির কাছে শয়তানি ষড়যন্ত্র খুবই দুর্বল। জাগ্রত বিবেকে দীনের সঠিক জ্ঞান অর্জন এখন খুবই জরুরি। শায়খুল ইসলাম মুহাম্মাদ বিন সুলাইমান আন্তামীমী (রহ.) এর 'প্রত্যেক মুসলিমের যে সব বিষয় জানা ওয়াজিব' গ্রন্থটিতে তিনি মুসলিম-জীবনের কিছু মৌলিক ও অত্যাবশ্যকীয় বিষয়সমূহ কুরআন-সুন্নাহের আলোকে সহজ-বোধণম্য ভাষায় উপস্থাপন করেছেন। গ্রন্থটির সম্পাদনায় অনিচ্ছাকৃত ভুলক্রটির জন্য পাঠকদের ক্ষমা সুন্দর দৃষ্টি কামনা করছি। এক্ষেত্রে পাঠকদের মূল্যবান পরামর্শ কামনা করছি। নতুন সংস্করণে হাদিসের নাম্বারগুলো 'মাক্তাবাতুস শামিলা' সফ্টওয়্যার থেকে নেওয়া হয়েছে। পরিশিষ্টে এই গ্রন্থাগারের একটি মূল্যবান প্রবদ্ধ 'শিরক্ সংক্রোন্ত চারটি মূলনীতি' সহপাঠ্য হিসেবে সংযোজিত করা হলো। আমাদের সকলের জন্য বইটিকে দুনিয়ার কামিয়াবি ও আখেরাতে নাজাতের উসিলা হিসেবে আল্লাহ করুল করে নিন। আমিন ॥

অক্টোবর ২০১১ সিলেট বায়েজীদ মাহমুদ ফয়সল

২. সুরা-আ'লি ইমরান : ১০২

সূচিপত্ৰ

বিষয়	পৃষ্ঠা
যে তিনটি বিষয়ের জ্ঞান অর্জন প্রত্যেক মুসলিম নর-নারীর জন্য ওয়াজিব	٩
দ্বীনের দু'টি মূল ভিত্তি	9
'লা ইলাহা ইল্লাল্লাহ এর শর্তমালা'	Ъ
'লা ইল্লাহা ইল্লাল্লাহ এর শর্তমালা'-এর প্রমাণপঞ্জী	8
ইল্ম বা জানার প্রমাণ	8
দৃঢ় বিশ্বাসের প্রমাণ	8
ইখলাছ বা নিখাদচিত্ততার প্রমাণ	20
সত্যবাদিতার প্রমাণ	25
ভালোবাসার প্রমাণ	20
আত্মসমর্পনের প্রমাণ	78
কবুল করার প্রমাণ	20
ইসলাম বিন্টকারী বিষয়সমূহ	29
তাওহীদ এর প্রকারভেদ	২৪
শির্ক	২৬
বড় শির্ক-এর প্রকারভেদ	২৭
প্রথম প্রকার : দোয়া বা আহ্বানে শির্ক	২৭
দিতীয় প্রকার : নিয়্যত, ইচ্ছা ও সংকল্পে শির্ক	২৭
তৃতীয় প্রকার : আনুগত্যের শির্ক	२४
চতুর্থ প্রকার: ভালোবাসায় শির্ক	54
ছোট শির্ক	২৯
গোপন শির্ক	২৯
কুফর-এর প্রকারভেদ	90
প্রথম : বড় কুফ্র যা মুসলিম মিল্লাত থেকে বের করে দেয়	90
দ্বিতীয় : ছোট কুফ্র যা মুসলিম মিল্লাত থেকে বের করে দেয় না	03
নিফাক (কপটতা)-এর প্রকারভেদ	७२
আকিদাহ্গত নিফাক	७२
আমলগত নিফাক	৩২
সকল প্রকার তাগুতকে অস্বীকার করা	99
তাগুতের অর্থ ও এর প্রধান প্রধান প্রকারসমূহ	98
পরিশিষ্ট : শিরক সংক্রোম্ভ চারটি মূলনীতি	87

যে তিনটি বিষয়ে জ্ঞান অর্জন প্রত্যেক মুসলিম নর-নারীর জন্য ওয়াজিব

এই তিনটি বিষয় হলো: প্রত্যেকে-

- ১. রব বা পালনকর্তা সম্পর্কে জানা।
- २. द्वीन সম্পর্কে জানা।
- ৩. নবী মুহাম্মাদ (সা.) সম্পর্কে জানা।

আপনাকে যদি বলা হয়, কে আপনার রব? তাহলে বলুন, আমার রব আল্লাহ যিনি আমাকে এবং সমগ্র বিশ্বকে তার নেয়ামত দিয়ে প্রতিপালন করছেন। তিনি আমার ইলাহ। তিনি ছাড়া আমার আর কোন ইলাহ নেই। আপনাকে যদি বলা হয়, আপনার দ্বীন (ধর্ম বা জীবন ব্যবস্থা) কিং তাহলে বলুন, আমার দ্বীন ইসলাম। ইসলাম হচ্ছে, আল্লাহ তাআ'লাকে এক ও অদ্বিতীয় জেনে কেবলমাত্র তাঁর আনুগত্য ও অনুসরণ করে এবং শিরক (আল্লাহর সাথে শরীক করা) ও মুশরিক (যে শিরক করে) থেকে মুক্ত হয়ে তাঁর নিকট আত্মসমর্পণ করা। আপনাকে যদি জিজ্ঞেস করা হয়, আপনার নবী কেং তাহলে বলুন, মুহাম্মাদ বিন আন্দুলাহ বিন আন্দুল মুন্তালিব বিন হাশিম। হাশিম কুরাইশ থেকে উদ্ভূত। কুরাইশ আরব থেকে উদ্ভূত। আরব ইসমাইল বিন ইবরাহীম আল খলীলের বংশ থেকে উদ্ভূত। তাঁদের প্রতি এবং আমাদের নবীর প্রতি রহমত ও শান্তি বর্ষিত হোক।

দ্বীনের দু'টি মূল ভিত্তি

প্রথমত:

- ক. একমাত্র আল্লাহর ইবাদাতের নির্দেশ দেওয়া যার কোন অংশীদার (শরীক) নেই।
- এ বিষয়ে মানুষকে উৎসাহিত করা।

১. দ্বীন অর্থ হলো : আনুগত্য করা; ক্ষমতাবান বা দায়িত্বপ্রাপ্ত হওয়া; Subjuagation, Authority, Ruling; এ ছাড়াও পদ্ধতি বা অভ্যাস এবং পুরস্কার-শান্তি ও বিচার ইত্যাদি। এসব শান্দিক অর্থ থেকে আল-কুরআনের আয়াতের আলোকে দ্বীন হলো মানুষের আনুগত্য, অনুসরণ ও ইবাদত আল্লাহর জন্য নিবেদিত হওয়া যিনি একাধারে সৃষ্টিকর্তা, আইন প্রদেতা ও বিচার ফায়্যলার মালিক।

গ. এ নীতির ভিত্তিতেই বন্ধুত্ব স্থাপন করা। ঘ. এর বর্জনকারীকে কাঞ্চির বলে আখ্যায়িত করা।

দ্বিতীয়ত :

- ক, আল্লাহর ইবাদাতে শিরকের বিষয়ে ভয় প্রদর্শন করা।
- খ, এ ব্যাপারে কঠোরতা আরোপ করা।
- গ. এ নীতির ভিত্তিতে শক্রতা স্থাপন করা।
- ष. যে ব্যক্তি শিরক করে তাকে কাফির বলে আখ্যায়িত করা।

'লা ইলাহা ইল্লাল্লাহ'-এর শর্তমালা

'লা ইলাহা ইল্লাল্লাহ' আল্লাহর কাছে গ্রহণযোগ্য হওয়ার জন্য আল-কুরআন ও সুন্নাহতে বর্ণিত শর্তসমূহ নিম্নরূপ :

- ইশম বা জ্ঞান : নেতিবাচক ও ইতিবাচক উভয় দিক থেকে এ সংক্রান্ত জ্ঞান অর্জন করা।
- ২. দৃঢ় বিশ্বাস : কালিমাহকে এমন পরিপূর্ণভাবে বিশ্বাস করা যাতে. সংশয়-সন্দেহ না থাকে।
- ইখলাস : এমন নিখাদচিত্ত হওয়া যা শির্কের পরিপন্থী।
- 8. সত্যবাদিতা : এমন সত্যবাদিতা যা মিধ্যার পরিপন্থী, নিফাক-কপটতার প্রতিবন্ধক।
- ৫. ভালোবাসা : এ কালিমাহ ও তার নির্দেশিত বিষয়কে (আল্লাহ ও তাঁর রসুল এবং তাঁদের আদেশ ও নিষেধকে) ভালোবাসা এবং এতে সন্তুষ্ট থাকা।
- ৬. আত্মসমর্পন : এ কালিমার দাবী ও অধিকারসমূহের প্রতি অনুগত হওয়া।
 অর্থাৎ আল্লাহর জন্যে মনকে নিষ্কলুষ করে তার সভুষ্টি
 লাভের উদ্দেশ্যে অবশ্য পালনীয় কাজসমূহ সম্পন্ন করা।
- **৭. কবুল করা** : এমনভাবে কবুল বা গ্রহণ করা যা প্রত্যাখ্যানের পরিপন্থী। ^২

কোন কোন আলিম 'ভাগৃত' সমূহকে পরিজ্যাগ করা এবং মৃত্যু পর্যন্ত 'লা ইলাহা ইল্লাল্লাহ'-এর উপর অটল থাকা এই দৃষ্ট শর্ভও উল্লেখ করে থাকেন।

'লা ইলাহা ইল্লাল্লাহ'-এর শর্তমালার প্রমাণপঞ্জী

ইশুম বা জানার প্রমাণ : আল্লাহ বলেন :

فَاعْلَمْ أَنَّهُ لَا إِلَّهَ إِلَّا اللَّهُ (سورة محمد: 19)

অর্থ : কাজেই জেনে রেখ, আল্লাহ ছাড়া সত্যিকারের কোন ইলাহ নেই।'
(সুরা-মুহাম্মাদ : ১৯)

আল্লাহ আরও বলেন :

অর্থ : 'তবে যে জ্ঞানের ভিত্তিতে সত্যের সাক্ষ্য দেয় সে ছাড়া।'

অর্থাৎ 'লা ইলাহা ইল্লাল্লাহ' কালিমার সাক্ষ্য। আর তারা মুখে যা বলে সেটি অন্তর দিয়ে জানে'।

সুনাহ থেকে প্রমাণ:

উসমান (রা.) থেকে বর্ণিত সহীহ হাদিস রয়েছে, তিনি বলেছেন, আল্লাহর রসুল মুহাম্মাদ (সা.) বলেছেন:

অর্থ : 'যে ব্যক্তি আল্লাহ ছাড়া আর কোন সত্যিকার ইলাহ নেই জেনে মারা যাবে সে জান্নাতে প্রবেশ করবে।' (সহীহ মুসনিম : ১৪৫)

দৃঢ় বিশ্বাসের প্রমাণ

আল্লাহ বলেন:

اِنَّمَا الْمُؤْمِنُوْنَ الَّذِيْنَ آمَنُوْا بِا للهِ وَرَسُولِهِ ثُمَّ لَمْ يَرْتَابُوْا وَجَاهَدُوْا بِأَمْوَالِهِمْ وَ أَنْفُسِهِمْ فِيْ سَبِيْلِ اللهِ أُليكَ هُمُ الصَّادِقُوْنَ (الحجرات: 15)

অর্থ : 'মু'মিন তারাই যারা আল্লাহ ও তাঁর রাসুলের উপর ঈমান আনে, অতঃপর কোনরূপ সন্দেহ করে না, আর তাদের মাল দিয়ে ও জান দিয়ে আল্লাহ্র পথে জিহাদ করে; তারাই সত্যবাদী।' (সুরা-আল-হজরাত : ১৫) এই আয়াতে আল্লাহ ও তদীয় রসুল (সা.)-এর প্রতি তাদের সত্যিকার ঈমানের ক্ষেত্রে সন্দেহ পোষণ না করাকে শর্ত করা হয়েছে। অতএব, যে ব্যক্তি সন্দেহ পোষণ করে সে মুনাফিকদের অন্তর্ভুক্ত।

সুন্নাহ থেকে প্রমাণ :

হযরত আবৃ হুরায়রা (রা.) থেকে সহীহ হাদিসে রয়েছে, আল্লাহর রসুল (সা.) বলেছেন :

أَشْهَدُ أَن لاَّ اِللهَ إِلاَّ اللهُ وَ أَنِيْ رَسُوْلُ اللهِ لاَ يَلْقِي الله بِهِمَا عبد غَيْرُ شَاك فِيْهِما إِلاَّ دَخَلَ الجُنَّة (روا مسلم)

অর্থ: আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ছাড়া আর কোন সত্যিকার ইলাহ নেই এবং আমি আল্লাহর রসুল। যে বান্দাই সন্দেহমূক্ত অবস্থায় এ দু'টি (সাক্ষ্য) নিয়ে আল্লাহর সাথে সাক্ষাৎ করবে সে অবশ্যই জান্নাতে প্রবেশ করবে।' (সহীহ মুসলিম: ১৪৭)

হযরত আবু হুরায়রা (রা.) হতে একটি দীর্ঘ হাদিসে বর্ণিত :

من لثيت من وراء هذا الحائط يشهد ان لا إله إلا الله مستيقنا بها قلبه فبشره بالجنة (رواه مسلم)

অর্থ : 'এ দেয়ালের পেছনে সর্বান্তকরণে আল্লাহ ছাড়া আর কোন সত্যিকার ইলাহ নেই বলে সাক্ষ্যদানকারী যে ব্যক্তির সাথেই তোমার দেখা হয় তাকেই জান্নাতের সুসংবাদ দাও।' (সহীহ মুসলিম : ১৫৬)

ইখলাস বা নিখাদচিত্ততার প্রমাণ

আল্লাহ বলেন :

أَلَا بِللهِ الدِّينُ الْخَالِصِ (الزمر: 3)

অর্থ : 'জেনে রাখো আল্লাহর জন্যই নির্ভেজাল দ্বীন। (সুরা-আদ-যুমার : ৩) আল্লাহ আরও বলেন :

وَمَا أُمِرُوا إِلَّا لِيَعْبُدُوا اللَّهَ مُخْلِصِينَ لَهُ الدِّينَ حُنَفَاء (البينة: 5)

অর্থ : 'তাদেরকে নির্ভেজালচিত্তে শুধু আল্লাহর ইবাদাত করার নিদেশ দেওয়া হয়েছে।' (সুরা-আল-বাইয়িনাহ : ৫)

সুনাহ থেকে প্রমাণ:

وعن ابي هريرة رضى الله عنه عن النبي صلى الله عليه وسلم: اسعد الناس بشفاعتي من قال لا إله إلا الله خالصا من قلبه او نفسه (رواه البخاري)

হযরত আবৃ হুরায়রাহ (রা.) থেকে বর্ণিত। মুহাম্মাদ (সা.) বলেছেন, 'আমার সুপারিশ লাভে সবচেয়ে ধন্য ব্যক্তি হচ্ছে সে, যে নিখাদচিত্তে বলে আল্লাহ ছাড়া আর কোন সতিয়কার ইলাহ নেই।' (সহীহ বুখারী : ৯৯)

وَ عن عتبان بن مالك رضى الله عنه عن النبي صلى الله عليه وسلم قال: إنَّ الله حرم على النار من قال لا إله إلا الله يبتغي بذلك وجه الله عز وجل (متفق عليه)

অর্থ: 'নিশ্চয়ই আল্লাহ ওই ব্যক্তির জন্যে জাহান্নামকে হারাম করে দিয়েছেন যে বলে, আল্লাহ ছাড়া আর কোন সত্যিকার ইলাহ নেই। এর দ্বারা সে মহান আল্লাহর সন্তুষ্টি লাভ করতে চায়।' (সহীহ বুখারী: ৪১৫ ও সহীহ মুসলিম: ১৫২৮)

و عن النبى صلى الله عليه وسلم: من قال لا إله إلا الله وحده لا شريك له له الملك و له الحمد و هو على كل شيئ قدير مخلصا بها قلبه يصدق بها لسانه إلا فتق الله لها السماء فتقا حتى ينظر إلى قائلها من اهل الأرض و حق لعبد نظر الله إليه أن يعطيه سؤاله (رواه النساني في عمل اليوم و الليلة)

ইমাম নাসাঈর 'আমালুল ইয়াউম ওয়াল্লায়লাহ' গ্রন্থে দু'জন সাহাবী কর্তৃক বর্লিত হাদিসে রয়েছে, মুহাম্মাদ (সা.) বলেছেন, 'যে ব্যক্তি একনিষ্ঠভাবে পূর্ণ বিশ্বাসের সাথে বলে আল্লাহ ছাড়া আর কোন সত্যিকার ইলাহ নেই, তার কোন অংশীদার নেই, সাম্রাজ্য তারই, সকল প্রশংসা তারই, তিনি সর্ববিষয়ে শক্তিমান-আল্লাহ এর জন্যে আকাশকে বিদীর্ণ করে পৃথিবীবাসীদের মধ্যে যে এ কথা বলেছে তাকে দেখেন। আর যে বান্দার প্রতি আল্লাহ দৃষ্টিপাত করেন তার অধিকার হচ্ছে তার দোয়া মঞ্জুর হওয়া।' (হাদিস নং : ২৮)

সত্যবাদিতার প্রমাণ

আল্লাহ বলেন :

الم أَحَسِبَ النَّاسُ أَن يُتْرَكُوا أَن يَقُولُوا آمَنَا وَهُمْ لَا يُفْتَنُونَ وَلَقَدْ فَتَنَا الَّذِينَ مِن قَبْلِهِمْ فَلَيَعْلَمَنَّ اللَّهُ الَّذِينَ صَدَقُوا وَلَيَعْلَمَنَّ الْكَاذِبِينَ (العنكبوت 1-3)

অর্থ: 'আলিফ-লাম-মীম। লোকেরা কি মনে করে যে আমরা ঈমান এনেছি বললেই তাদেরকে অব্যাহতি দিয়ে দেওয়া হবে, আর তাদেরকে পরীক্ষা করা হবে না? তাদের পূর্বে যারা ছিল আমি তাদেরকে পরীক্ষা করেছিলাম; অতঃপর আল্লাহ অবশ্য অবশ্যই জেনে নেবেন কারা সত্যবাদী আর কারা মিধ্যাবাদী।' (সর্বা-আল-আনকারত: ১-৩)

আল্লাহ আরও বলেন:

وَمِنَ النَّاسِ مَن يَقُولُ آمَنَا بِاللَّه وَبِالْيَوْمِ الآخِرِ وَمَا هُم بِمُؤْمِنِينَ يُخَادِعُونَ اللَّه وَالَّذِينَ آمَنُوا وَمَا يَخْدَعُونَ إِلاَّ أَنفُسَهُم وَمَا يَشْعُرُونَ فِي قُلُوبِهِم مَّرَضُ فَزَادَهُمُ اللَّه مَرَضاً وَلَهُم عَذَابٌ أَلِيمٌ بِمَا كَانُوا يَكْذِبُونَ (البقرة 8-10)

অর্থ: 'মানুষের মধ্যে এমন লোক আছে যারা বলে, আমরা আল্লাহ্র প্রতি এবং আখিরাতের দিনের প্রতি ঈমান এনেছি কিন্তু প্রকৃতপক্ষে তারা মু'মিন নয়। তারা আল্লাহ ও মু'মিনদেরকে প্রতারিত করে, আসলে তারা নিজেদেরকে ছাড়া অন্য কাউকে প্রতারিত করে না, (তখন) কিন্তু এটা তারা উপলব্ধি করতে পারে না। তাদের অন্তরে আছে ব্যাধি, অতঃপর আল্লাহ তাদের ব্যাধি বাড়িয়ে দিয়েছেন আর তাদের জন্য রয়েছে যন্ত্রণাদায়ক শান্তি, কারণ তারা মিথ্যাবাদী।'

সুনাহ থেকে প্রমাণ:

عن معاذ بن جبل رضى الله عنه عن النبى صلى الله عليه وسلم: ما من أحد يشهد ان أشهد أن لا يله إلا الله و أن محمدا عبده ورَسُوله صدقا من قلبه إلا حرمه الله على النار (اخرجه الشيخان)

অর্থ : মুয়াজ বিন জাবাল (রা.) থেকে বর্ণিত, নবী (সা.) বলেছেন, 'যে ব্যক্তিই মনের বিশ্বাস নিয়ে এ মর্মে সাক্ষ্য দিবে যে আল্লাহ ছাড়া আর কোন সত্যিকার ইলাহ নেই আল্লাহ তাকেই জাহান্নামের জন্য হারাম করে দিবেন।'

(সহীহ বুখারী: ১২৮ ও সহীহ মুসলিম: ১৫৭)

ভালোবাসার প্রমাণ

আল্লাহ বলেন:

وَمِنَ النَّاسِ مَن يَتَّخِذُ مِن دُونِ اللَّهِ أَندَاداً يُجِبُّونَهُمْ كَحُبِّ اللَّهِ وَالَّذِينَ آمَنُواْ أَشَدُّ حُبًّا لَلُهِ (البقرة: 165)

অর্থ: 'আর কোন কোন লোক এমনও আছে, যে আল্লাহ ছাড়া অন্যান্যকে আল্লাহ্র সমকক্ষরূপে গ্রহণ করে, আল্লাহ্কে ভালোবাসার মতো তাদেরকে ভালোবাসে। কিন্তু যারা মু'মিন আল্লাহ্র সঙ্গে তাদের ভালোবাসা প্রগাঢ়।'

(সরা-আল্-বাকারা: ১৬৫)

আল্লাহ আরও বলেন:

يَا أَيُهَا الَّذِينَ آمَنُواْ مَن يَرْتَدَّ مِنكُمْ عَن دِينِهِ فَسَوْفَ يَأْتِي اللَّهُ بِقَوْمٍ يُحِبُّهُمْ وَيُحِبُّونَهُ أَذِلَّةٍ عَلَى الْمُؤْمِنِينَ أَعِزَّةٍ عَلَى الْكَافِرِينَ يُجَاهِدُونَ فِي سَبِيلِ اللَّه وَلاَ يَخَافُونَ لَوْمَةَ لآئِيمِ (المائدة: 54)

অর্থ: 'হে ঈমানদারণণ! তোমাদের মধ্য হতে কেউ তার দ্বীন হতে ফিরে গেলে সত্ত্ব আল্লাহ এমন এক সম্প্রদায়কে নিয়ে আসবেন যাদেরকে তিনি ভালোবাসেন আর তারাও তাঁকে ভালোবাসেব, তারা মু'মিনদের প্রতি কোমল আর কাফিরদের প্রতি কঠোর হবে, তারা আল্লাহর পথে যুদ্ধ করবে, কোন নিন্দুকের নিন্দাকে তারা ভয় করবে না।' (সুরা-আল-মায়িদাহ : ৫৪)

সুনাহ থেকে প্রমাণ:

عن انس رضى الله عنه قال قال رسول الله صلى الله عليه وسلم: ثلاث من كن فيه وجد حلاوة الإيمان أن يكون الله ورسوله أحب إليه مما سواهما و أن يحب المرء لا يحبه إلا لله و أن يكره أن يعود في الكفر بعد إذ أنقذه الله منه كما يكره أن يقذف في النار (متفق عليه)

অর্থ : 'হযরত আনাস (রা.) থেকে বর্ণিত। তিনি বলেছেন, আল্লাহর নবী মুহাম্মাদ (সা.) বলেছেন, যার মধ্যে তিনটি গুণ আছে সে ঈমানের স্বাদ আস্বাদন করেছে। আল্লাহ এবং তদীয় রসুল তার নিকট সবার চেয়ে প্রিয় হবে। সে মানুষকে একমাত্র আল্লাহর উদ্দেশ্যেই ভালোবাসবে এবং আল্লাহ কর্তৃক কুফরী থেকে রক্ষা পাওয়ার পর সে তাতে ফিরে যাওয়াকে এমনভাবে ঘূণা করে যেমন আগুনে নিক্ষিপ্ত হওয়াকে ঘূণা করে।

(সহীহ বুখারী : ১৬ ও সহীহ মুসলিম : ১৭৪)

আত্মসমর্পনের প্রমাণ

আল্লাহ বলেন:

অর্থ: 'তোমরা তোমাদের প্রতিপালকের অভিমুখী হও আর তাঁর অনুগত হও তোমাদের কাছে আযাব আসার পূর্বে। (আযাব এসে গেলে) তোমাদেরকে সাহায্য করা হবে না।' (পুরা-আহ্-যুমার: ৫৪)

আল্লাহ আরও বলেন:

অর্থ : 'সে ব্যক্তি অপেক্ষা দ্বীনে কে বেশি উত্তম যে ব্যক্তি আল্লাহ্র কাছে আত্যসমর্পণ করে, অধিকন্তু সে সৎকর্মশীল।' (সুরা-আন্-নিমা : ১২৫)

আল্লাহ আরও বলেন:

অর্থ : 'যে কেউ আল্লাহ্র প্রতি আত্মসমর্পণ করে আর সে সংকর্মশীল, সে দৃঢ়ভাবে ধারণ করে এক মজবুত হাতল।' (সুরা-পুক্মান : ২২)

আল্লাহ আরও বলেন:

فَلاَ وَرَبَّكَ لاَ يُؤْمِنُونَ حَتَّىَ يُحَكِّمُوكَ فِيمَا شَجَرَ بَيْنَهُمْ ثُمَّ لاَ يَجِدُواْ فِي أَنفُسِهِمْ حَرَجًا مِّمَّا قَضَيْتَ وَيُسَلِّمُواْ تَسْلِيمًا (النساء : 65)

অর্থ: 'কিন্তু না, তোমার প্রতিপালকের শপথ! তারা মু'মিন হবে না, যে পর্যন্ত তারা তাদের বিবাদ-বিসম্বাদের মীমাংসার ভার তোমার উপর ন্যন্ত না করে, অতঃপর তোমার ফয়সালার ব্যাপারে তাদের মনে কিছুমাত্র কুষ্ঠাবোধ না থাকে, আর তারা তার সামনে নিজেদেরকে পূর্ণরূপে সমর্পণ করে।' (সুরা-আন্-নিসা: ৬৫)

সুনাহ থেকে প্রমাণ: নবী (সা.) বলেছেন:

لا يؤمن أحدكم حتى يكون هواد تبعا لما جئت به (ذكره النووي في الاربعين و عزاه الى كتاب الحجة و صحح اسناده)

অর্থ : 'তোমাদের কেউ ঈমানদার হতে পারবে না যতক্ষণ না তার প্রবৃত্তি আমার আনীত বিষয়ের অনুগত হবে।' (ইমাম নববী তার চল্লিশ হাদিসে (১) উল্লেখ করেছেন এবং কিতাবুল হজ্জাহর উদ্ধৃতি দিয়ে তার সনদকে সহীহ বলেছেন।)

এটিই হচ্ছে পরিপূর্ণ আনুগত্য।

কবুল করার প্রমাণ

আল্লাহ বলেন:

وَكَذَلِكَ مَا أَرْسَلْنَا مِن قَبْلِكَ فِي قَرْيَةٍ مِّن نَذِيدٍ إِلَّا قَالَ مُتْرَفُوهَا إِنَّا وَجَدْنَا آبَاءَنَا عَلَى أُمَّةٍ وَإِنَّا عَلَى آثَارِهِم مُقْتَدُونَ قَالَ أَوَلُوْ جِنْتُكُم بِأَهْدَى مِمَّا وَجَدْتُمْ عَلَيْهِ آبَاءكُمْ قَالُوا إِنَّا بِمَا أُرْسِلْتُم بِهِ كَافِرُونَ فَانتَقَمْنَا مِنْهُمْ فَانظُرْ كَيْفَ كَانَ عَلَيْهِ آبَاءكُمْ فَانظُرْ كَيْفَ كَانَ عَلَيْهِ آلْهُكُمْ فَانظُرْ كَيْفَ كَانَ عَلَيْهِ الْمُكَذِّبِينَ (الزخرف: 23-25)

কোন কোন হাদিস সমালোচক এর সনদকে দুর্বল বলেছেন। দেখুন মিশকাতুল মাছাবীহ, ডাহকীক আলবানী (কিতাবুল ঈমান পৃ: ১৬৭)

অর্থ: 'এভাবে তোমার পূর্বে যখনই আমি কোন জনপদে সতর্ককারী (নবী-রসুল) পাঠিয়েছি, তখনই তাদের সম্পদশালী লোকেরা বলেছে—আমরা আমাদের পূর্বপুরুষদেরকে এক ধর্মমত পালনরত পেয়েছি আর আমরা তাদেরই পদাঙ্ক অনুসরণ করছি। তখন সেই সতর্ককারী বলত-তোমরা তোমাদের পিতৃপুরুষকে যে ধর্মমতের উপর পেয়েছ, আমি যদি তোমাদের কাছে তার চেয়ে উৎকৃষ্ট ধর্মমত নিয়ে আসি (তবুও কি তোমরা তাদেরই অনুসরণ করবে)? তারা বলত: তোমাদেরকে যা দিয়ে পাঠানো হয়েছে আমরা তা প্রত্যাখ্যান করি। অতঃপর আমি তাদের উপর প্রতিশোধ গ্রহণ করলাম, এখন দেখ, মিথ্যুকদের পরিণতি কী হয়েছিল।'

(সূরা-আয-যুখক্রফ: ২৩-২৫)

আল্লাহ আরও বলেন:

إِنَّهُمْ كَانُوا إِذَا قِيل لَهُمْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ يَسْتَكْمِرُونَ وَيَقُولُونَ أَثِنَا لَقَارِكُوا آلِهَتِنَا لِشَاعِرِ تَجْنُونِ (الصانات 35-36)

অর্থ: 'তাদেরকে যখন আল্লাহ ছাড়া সত্যিকারের কোন ইলাহ নেই বলা হত, তখন তারা অহংকার করত। আর তারা বলত, আমরা কি এক পাগল কবির কথা মেনে আমাদের ইলাহ্গুলোকে ত্যাগ করব?' (সুরা-আছ্-ছাফ্ফাড: ৩৫-৩৬)

সুনাহ থেকে প্রমাণ:

عن أبى موسى رضى الله عنه عن النبى صلى الله عليه وسلم قال مثل ما بعثنى الله به من الهدى و العلم كمثل الغيث الكثيرأصاب ارضا فكان منها نقية قبلت الماء فأنبتت الكلاء و العشب الكثير و كانت منها أجادب أمسكت الماء فنفع الله بها الناس فشربوا و سقوا رزرعوا وأصاب منها طائفة أخرى إنما هى قيعان لا تمسك ماء ولا تنبت كلاء فذلك مثل من فقه فى دين الله و نفعه ما بعثنى الله به فعلم وعلم ومثل من لم يرفع بذلك رأسا ولم يقبل هدى الله الذى أرسلت به (منف عليه)

অর্থ : আবু মৃসা (রা.) হতে বর্ণিত। নবী মুহাম্মাদ (সা.) বলেছেন, 'আল্লাহ আমাকে যে হেদায়েত ও ইলম দিয়ে পাঠিয়েছেন সেটি প্রবল বর্ষণের মতো। যে ভূমি পরিস্কার ও উর্বর সেটি ওই বৃষ্টির পানি গ্রহণ করে প্রচুর ঘাস ও শস্য উৎপন্ন করে থাকে। আর যে ভূমি শক্ত তা ওই পানিকে ধরে রাখে, তা দিয়ে আল্লাহ মানবজাতির কল্যাণ সাধন করেন। তারা নিজেরা সে পানি পান করে, পশুপালকে পান করায় এবং সেচ প্রকল্পের মধ্য দিয়ে ফসল উৎপন্ন করে থাকে। এর মধ্যে অন্য প্রকার অনুর্বর ভূমি রয়েছে যা বৃষ্টির পানি ধরে রাখতে পারে না। ঘাসও উৎপন্ন করতে পারে না। প্রথম উদাহরণ হচ্ছে সে ব্যক্তির দৃষ্টান্ত যে আল্লাহর দ্বীনের অন্তর্নিহিত জ্ঞান অর্জন করে যা দিয়ে আমি প্রেরিত হয়েছি এবং আল্লাহ তাকে আমার সঙ্গে প্রেরিত বন্ধুর মাধ্যমে উপকৃত করেন ফলে তা নিজে শিক্ষা করে এবং অন্যকে শিক্ষা দেয়। তৃতীয় উদাহরণ হচ্ছে ওই ব্যক্তির দৃষ্টান্ত যে সেটির দিকে মাথা উঠিয়ে দৃষ্টিপাত করে না এবং আমাকে আল্লাহর যে হেদায়েত দিয়ে পাঠানো হয়েছে তা গ্রহণ করে না।'
সেহীহ রখারী: ৭৯ ও সহীহ মুসলিম: ৬০৯৩)

रुमाम विनष्ठकाती विषयममृश

(অর্থাৎ যে সকল কাজের মাধ্যমে একজন মুসলিম কাঞ্চির-মুরতাদ হয়ে যায়) জেনে রাখুন, প্রসিদ্ধ ইসলাম বিনষ্টকারী বিষয়সমূহ দশটি:

প্রথম ; আল্লাহর ইবাদতে শির্ক করা। আল্লাহ তাআ'লা বলেছেন :

إِنَّ اللَّهِ لاَ يَغْفِرُ أَن يُشْرَكَ بِهِ وَيَغْفِرُ مَا دُونَ ذَلِكَ لِمَن يَشَاء (النساء: 48)

অর্থ : 'নিশ্চয় আল্লাহ তাঁর সাথে শরীক করা ক্ষমা করেন না। এটা ছাড়া অন্য সব যাকে ইচ্ছে মাফ করেন।' (সুরা-আন্-নিসা : ৪৮)

আল্লাহ আরও বলেন:

اِنَّهُ مَن يُشْرِكُ بِاللَّهِ فَقَدْ حَرَّمَ اللَّهِ عَلَيهِ الْجُنَّةَ وَمَأْوَاهُ النَّارُ وَمَا لِلظَّالِمِينَ مِنْ أَنصَارٍ (المائدة : 72) অর্থ: 'যে ব্যক্তি **আল্লাহর সঙ্গে অংশীস্থাপন করে তার জন্য আল্লা**হ অবশ্যই জান্নাত হারাম করে দিয়েছেন আর তার আবাস হল জাহানাম। যালিমদের জন্য কোন সাহায্যকারী নেই।' (সুরা-আল-মায়িলাহ: ৭২)

শির্কের মধ্যে রয়েছে আল্লাহ ছাড়া অন্য কারোর উদ্দেশ্যে পশু কুরবানী করা। যেমন জ্বীন অথবা কবরের উদ্দেশ্যে পশু কুরবানী করা।

২. আল্লাহ বলেন:

فَصَلَّ لِرَبِّكَ وَالْحَرْ (الكوثر: 2)

অর্থ : 'তোমার প্রতিপালকের জনা সালাত আদায় কর এবং কুরবানী কর।' (সূর একং কার্তসং : ১) নবী মুহাম্মাদ (সা.) বলেছেন :

'যে ব্যক্তি আন্নাহ ব্যতীত আর কারে। জন্য পশু যবেহ করে তার প্রতি আন্নাহ অভিশস্পাত করেছেন। (সহীহ মুসলম: ৫২৪০)

সুতরাং এ পশু জবাই বা কুরবানী যদি কোন ব্যক্তি ও বস্তুর উদ্দেশ্যে করা হয়ে থাকে তবে তা বড় শির্ক বলে গণ্য হবে।

অনুরূপভাবে আল্লাহ ব্যতীত অন্যের নিকট দোয়া করা, সাহায্য চাওয়া, কাউকে ভয় করা, অন্যের উপর ভরসা করা, অন্যের আইনে বিচার-ফায়সালা চাওয়া, অন্যের উদ্দেশ্যে মানত করা, অন্যকে উপকার ও অপকারের মালিক মনে করা, আল্লাহর যেমন ক্ষমতা, অন্য কারো এরপক্ষমতা রয়েছে বলে বিশ্বাস করা ইত্যাদি সবই শির্ক। উল্লেখিত বিষয়গুলির দলিল নিম্নরূপ:

আল্লাহ বলেন :

وَأَنَّ الْمَسَاجِدَ لِلْهِ فَلَا تَدْعُوا مَعَ اللَّهِ أَحَدًا (الجن : 18)

অর্থ : 'আর নিশ্চয় মসজিদসমূহ আল্লাহর জন্য, সুতরাং তার সাথে আর কাউকেও আহবান করো না' (সুরা-আল-শ্বীন : ১০)

আল্লাহ আরও বলেন:

قُلْ إِنَّمَا أَدْعُو رَبِّي وَلَا أُشْرِكْ بِهِ أَحَدًا (الحن: 20)

অর্থ : 'বলুন : শুধু আমার প্রতিপালকের নিকটেই দোয়া করি আর তার সাথে কাউকেও শরীক করি না।' (সুরা-আল-জীন : ২০)

নবী (সা.) বলেছেন:

الدعاء هو العبادة (ابو داود - 1329)

'দোয়া**ই হচ্ছে ইবাদাত**।' (সুনান আৰু দাউদ ১৩২৯, আলবানীর মতে সহীহ)

সুতারাং দোয়া আল্লাহ ব্যতীত অন্যের নিকট করা যাবে না।

আল্লাহ বলেন:

ايًاكَ نَعْبُدُ وإيَّاكَ نَسْتَعِينُ

দিতীয় : যে ব্যক্তি নিজের এবং আল্লাহর মধ্যে মাধ্যম সাব্যস্ত করল, তাদের ডাকল, সুপারিশ কামনা করল, তাদের উপর ভরসা করল সে সকলের ঐক্যমতে কফরী করল।[°]

'(তোমরা বল) আমরা শুধু তোমারই ইবাদত করি এবং শুধু তোমারই সাহায্য চাই।' (সুরা-আল-ফাতিহা

নবী মুহাম্মাদ (সা.) বলেছেন:

إذا سألت فاسئل الله و إذا استعنت فاستعن بالله (رواه احمد و الترمذي)

'যখন কিছু চাইবে আল্লাহর নিকট চাইবে এবং যখন সাহায্য ভিক্ষা করবে তখন একমাত্র আল্লাহর নিকট সাহায্য ভিক্ষা করবে । ফুল্লু ক্রহমদ: ১৭৬৩ ও ফুলুর ক্রিইি: ২৫৬৬, ক্রল্বনীর মতে স্ইহ)

فَلاَ تَخَافُوهُمْ وَخَافُونِ إِن كُنتُم مُؤْمِنِينَ (آل عمران: 175) আল্লাহ বলেন :

'খবরদার তোমরা তাদেরকে ভয় করবে না, আমাকে ভয় করবে যদি তোমরা মু'মিন হও।' (সুরা-আ'লি-ইমরান: ১৭৫)

সুতরাং, আল্লাহর চাইতে অন্য কাউকে বেশি ভয় পাওয়াও এক প্রকার শির্ক।

আল্লাহ আরও বলেন :

وَعَلَى اللَّهِ فَتَوَكَّلُواْ إِن كُنتُم مُّؤْمِنِينَ (المائدة: 23)

অর্থ : 'আর শুধু আল্লাহর উপরই ভরসা কর যদি মু'মিন হয়ে থাক।' (সুরা-আল-মায়িদাহ : ২৩) আল্লাহ বলেন :

وَمَا أَنفَقُتُم مِّن نَّفَقَةٍ أَوْ نَذَرْتُم مِّن نَّذْرٍ فَإِنَّ اللَّه يَعْلَمُهُ وَمَا لِلظَّالِمِينَ مِنْ أَنصَارٍ (البقرة: 270)
অর্থ : 'আর তোমরা যা ব্যয় কর অথবা মান্নত কর, নিশ্চয় আল্লাহ তা জানেন, আর স্বেচ্ছাচারীদের জন্য কোন সাহায্যকারী নেই। (সুরা-আল-বাকারাহ: ২৭০)

আল্লাহ আরও বলেন:

إِن يَعْسَسُكَ اللَّهِ بِصُرِّ فَلاَ كَاشِفَ لَهُ إِلاَّ هُو وَإِن يُرِدُكَ غِخْيرٍ فَلاَ رَآدَ لِفَصْلِهِ (يونس: 107)
অর্থ: 'আল্লাহ যদি তোমাকে কোন বিপদে আক্রান্ত করেন তাহলে তিনি ব্যতীত কেউ নেই
তা অপসারণকারী, আর যদি তিনি তোমাকে কল্যাণ দানে ধন্য করেন তাহলে কেউ নেই
তার অনুহাহ ফিরাবার।' (সুরা-ইউনুদ : ১০৭)

৩. দলিল-আল্লাহ বলেন :

وَيَعْبُدُونَ مِن دُونِ اللّٰهِ مَا لاَ يَضُرُّهُمْ وَلاَ يَنفَعُهُمْ وَيَقُولُونَ هَـوُلاء شُفَعَاوُنَا عِندَ اللهِ قُلُ أَتُنَبُّونَ اللّٰهِ بِمَا لاَ يَعْلَمُ فِي السَّمَاوَاتِ وَلاَ فِي الأَرْضِ سُبْحَانَهُ وَتَعَالَى عَمَّا يُشْرِكُونَ (يونس:18) ভূতীয় : যে ব্যক্তি মুশরিকদের কাফির মনে করে না অথবা তাদের কাফির হওয়ার ব্যাপারে সন্দেহ করে অথবা তাদের ধর্মকে সঠিক মনে করে সে কুফরী করল।⁸

চতুর্ধ: যে ব্যক্তি মনে করে যে, অন্যের হেদায়েত (পথ নির্দেশনা) নবী (সা.)
এর হেদায়েতের চেয়ে পরিপূর্ণ অথবা অন্যের আইন-বিধান নবীর আইন-

আর তারা আল্লাহ্কে ছেড়ে ইবাদত করে এমন কিছুর যা না পারে তাদের কোন ক্ষতি করতে, আর না পারে কোন উপকার করতে। আর তারা বলে, এগুলো আমাদের জন্য আল্লাহ্র কাছে সুপারিশকারী। বল, তোমরা কি আল্লাহ্কে এমন কিছুর সংবাদ দিতে চাও আকাশমণ্ডলীতে যার অন্তিত্ব সম্পর্কে না কিছু তিনি জানেন, আর না জানেন যমীনে থাকা সম্পর্কে। মহান পবিত্র তিনি, তোমরা যা কিছুকে তার শরীক গণ্য কর তা থেকে তিনি বহু উর্ধের্ম। (সুরা-ইউন্স: ১৮)

আল্লাহ অন্যত্র আরও বলেন:

অর্থ: 'যারা ওাঁকে বাদ দিয়ে অন্যদেরকে অভিভাবক বানিয়ে নিয়েছে তারা বলে-আমরা তাদের ইবাদত একমাত্র এ উদ্দেশেই করি যে, তারা আমাদেরকে আল্লাহ্র নৈকট্যে পৌছে দেবে।' (সুরা-আয়-মুমার: ৩)

৪্ দলিল্–আল্লাহ তাআ'লা বলেন :

অর্থ : 'তারা কুফরী করেছে যারা বলে মাসীহ্ ইবনে মারইয়াম আল্লাহ।'

(সুরা-আল-মায়িদাহ : ১৭)

إِنَّ الَّذِينَ يَكُفُرُونَ بِاللَّهِ وَرُسُلِهِ وَيُرِيدُونَ أَنْ يُفَرِّقُوا بَيْنَ اللَّهِ وَرُسُلِهِ وَيَقُولُونَ نُؤْمِنُ بِبَعْضٍ وَنَكُفُرْ بِبَعْضٍ وَيُرِيدُونَ أَنْ يَتَّخِذُوا بَيْنَ ذَلِكَ سَبِيلًا- أُولَئِكَ هُمُ الْكَافِرُونَ حَقًا وَأَعْتَدُنَا لِلْكَافِرِينَ عَذَابًا مُهِمِنًا (النساء: 150-151)

অর্থ: যারা আল্লাহ ও তাঁর রসুলদেরকে অস্বীকার করে আর আল্লাহ ও রসুলদের মাঝে পার্থক্য সৃষ্টি করতে চায় আর বলে (রসুলদের) কতককে আমরা মানি আর কতককে মানি না, আর তারা তার (কুফর ও ঈমানের) মাঝ দিয়ে একটা রাস্তা বের করতে চায়। তারাই হল প্রকৃত কাফির আর কাফিরদের জন্য আমি অবমাননাকর শান্তি প্রস্তুত করে রেখেছি।

(সুরা-আন্-নিসা : ১৫০-১৫১)

তাই আল্লাহ যাদেরকে কাফির বলেছেন, তাদেরকে সঠিক পথে আছে মনে করলে, তা কফরী হবে। . বিধানের চেয়ে উগুম। উদাহরণস্বরূপ যে ব্যক্তি ত্বাগুতের বিধানকে নবীর বিধানের চেয়ে শ্রেষ্ঠ মনে করে।^৫

পঞ্চম : যে ব্যক্তি রসুল (সা.)-এর আনীত কোন বিধানকে ঘৃণা করলো সে কুফরী করলো–যদিও সে নিজে সে অনুযায়ী আমল করে।

ষষ্ঠ : যে ব্যক্তি রসুল (সা.)-এর দ্বীনের কোন অংশকে অথবা সওয়াব অথবা আযাব নিয়ে ব্যঙ্গ-বিদ্রুপ করলো সে কুফরী করলো। আল্লাহ বলেন :

قُلْ أَبِاللّٰهِ وَآيَاتِهِ وَرَسُولِهِ كُنتُمْ تَسْتَهْزِؤُونَ لاَ تَعْتَذِرُواْ قَدْ كَفَرْتُم بَعْدَ. إِيمَانِكُمْ (النويه: 65-66)

(সুরা-আন্-নিসা : ৬০-৬১)

অগ্নিহ আরও বলেন :

افَحُكُم الْجَاهِلِيَّة بَبْغُونَ وَمَنْ أَحْسَنُ مِنَ اللَّه حُكُمًا لَّقَوْمٍ يُوقِنُونَ (المائدة: 50)

অর্থ : 'তারা কি জাহিলী যুগের আইন বিধান চায়? দৃঢ় বিশ্বাসী সম্প্রদায়ের জন্য আইন-বিধান প্রদানে আল্লাহ হতে কে বেশি শ্রেষ্ঠ?' (সুরা-আল-মায়িদাহ : ৫০)

৬. দলিল-আল্লাহ বলেন:

ذَلِكَ بِأَنَّهُمُ اتَّبَعُوا مَّا أَسْخَطَ اللَّهَ وَكُرهُوا رضْوَانَهُ فَأَحْبَطَ أَعْمَالُهُم (مدد: 28)

'এর কারণ এই যে, তারা তারই অনুসরণ করে যা আল্লাহকে অসন্তুষ্ট করে, আর তারা তাঁর সন্তোষকে অপছন্দ করে, ফলে তিনি তাদের সমস্ত আমদ নষ্ট করে দিয়েছেন।'

(সুরা-মৃহাম্বাদঃ ২৮)

৫. দলিল-আল্লাহ বলেন:

অর্থ: 'বলুন, তোমরা কি আল্লাহ, তার নির্দশনসমূহ এবং তার রসুলকে নিয়ে ঠাট্টা করছিলে? অযুহাত পেশ কর না। তোমরা ঈমান আনার পর কাফির হয়ে গেছ।' (সুরা-আড্-ভাওবাহ: ৬৫-৬৬)

সপ্তম: যাদু। এর মধ্যে রয়েছে ভেলকিবাজী এবং ভালোবাসা সৃষ্টিকারী বলে কথিত পন্থা। যে ব্যক্তি এ কাজ করল অথবা এতে সন্তুষ্ট হল সে কুফরী করল।

এর প্রমাণ আল্লাহ বলেন:

وَمَا يُعَلِّمَانِ مِنْ أَحَدٍ حَتَّى يَقُولاً إِنَّمَا خَيْنُ فِتْنَةٌ فَلاَ تَكْفُر (سُفر: 102)

অর্থ : 'তারা দু'জন কাউকে শিক্ষা দেয় না যতক্ষণ না তারা বলে আমরা পরীক্ষা বৈ আর কিছু নই, অতএব, কুফরী কর না। (সুরা-আল-বাকারাহ : ১০২)

অষ্টম : মুসলিমদের বিরুদ্ধে মুশরিকদের সাহায্য করা ও বিজয়ী করা।
এর প্রমাণ হচ্ছে আল্লাহ বলেন :

وَمَن يَتَوَلَّهُم مَّنكُمْ فَإِنَّهُ مِنْهُمْ إِنَّ اللَّهَ لاَ يَهْدِي الْقَوْمَ الظَّالِمِينَ (المائدة: 51)

অর্থ : 'তোমাদের মধ্যে যে ব্যক্তি তাদের সাথে বন্ধুত্ব করবে সে তাদের অন্তর্ভূক্ত। নিশ্চয় আল্লাহ যালিম জাতিকে হেদায়েত করেন না।' (সুরা-আল-মায়িদাহ : ৫১)

নবম: যে ব্যক্তি মনে করে যে, কিছু লোকের মুহাম্মাদ (সা.)-এর শরীয়ত থেকে বের হওয়ার অনুমতি রয়েছে, যেমন-খিযির (আ.), মৃসা (আ.)-এর শরীয়ত থেকে বের হয়েছিলেন, সে কাফির।

१. पिनन-आज्ञार वर्णन : (19: الله الإسلامُ (آل عمران : 19)
 पर्थ : 'নিকয় আয়্য়াহর নিকট মনোনীত দ্বীন হলো ইসলাম ।' (সুরা-আ'লি-ইয়য়য়য় : ১৯)
 অন্যত্র আয়য়হ বলেন :

وَمَن يَبُتَغِ غَيْرُ الْإِسْلاَمِ دِينًا فَلَن يُفْبَلَ مِنْهُ وَهُوَ فِي الآخِرَةِ مِنَ الْخَاسِرِينَ (آل عران: 85)
অর্থ: 'আর যে ব্যক্তি ইসলাম ব্যতীত অন্য কোন দ্বীন গ্রহণ করতে চাইবে কক্ষনো তার সেই
দ্বীন কবুল করা হবে না এবং আধিরাতে সে ব্যক্তি ক্ষতিগ্রন্তদের অন্তর্ভুক্ত হবে।'
(সহা-আদি-ইমরাল: ৮৫)

দশম: আল্লাহর দ্বীন থেকে বিমুখ হওয়া। দ্বীন শিক্ষা না করা ও তদনুযায়ী আমল না করা।

এর প্রমাণ-আল্লাহ বলেন:

وَمَنْ أَطْلَمُ مِمَّن ذُكَّرَ بِآيَاتِ رَبِّهِ ثُمَّ أَعْرَضَ عَنْهَا إِنَّا مِنَ الْمُجْرِمِينَ مُنتَقِمُونَ (السجدة: 22)

অর্থ : 'তার চেয়ে বড় যালিম আর কে আছে যাকে তার প্রতিপালকের আয়াতসমূহ দিয়ে উপদেশ দান করা হলে সে তাত্থেকে মুখ ফিরিয়ে নেয়? নিশ্চয় আমি অপরাধীদেরকে শাস্তি দেব।' (সুরা-আস্-সাজদাহ : ২২)

এ সব ইসলাম বিনষ্টকারী বিষয়ের ক্ষেত্রে অবহেলাকারী বা তামাশাকারী কিংবা তয় প্রভাবিত এর মধ্যে কোনই পার্থক্য নেই। তবে যে ব্যক্তি নিরূপায় ও বাধ্য তার কথা ভিন্ন। এগুলো সবই অত্যন্ত ভয়াবহ এবং সচরাচরই ঘটে থাকে। মুসলিমদের উচিত এগুলোকে ভয় করে চলা। যে সব কাজ আল্লাহর ক্রোধ এবং তার যন্ত্রণাদায়ক শান্তিকে অপরিহার্য করে দেয় সেগুলো থেকে আমরা আল্লাহর নিকট আশ্রয় চাচিছ।

রসুল (সা.) বলেছেন:

قال رسول الله صلى الله عليه وسلم و الذي نفسي بيده لا يسمع بي أحد من هذه الامة يهودي و لا نصراني ثم يموت ولم يؤمن بي و بما ارسلت به إلا كان من اصحاب النار (روا مسلم)

অর্থ: 'ওই জাতের শপথ যার হাতে আমার প্রাণ নিহিত রয়েছে, এই উন্মতের ইহুদী হোক আর খ্রিষ্টান হোক আমার সম্পর্কে শোনার পর যদি আমার প্রতি এবং আমি যা নিয়ে প্রেরিত হয়েছি তার প্রতি ঈমান না এনে মৃত্যুবরণ করে তবে অবশ্যই সে জাহান্লামের অধিবাসীদের মধ্যে গণ্য হবে।' (সহীহ মুসলিম: ৪০৩)

জ্ঞাতব্য : ইসলাম ভঙ্গের কারণগুলোর একটি বা একাধিক কারণ কারো নিকট পাওয়া গেলেও তাকে কাফির বলা যাবে না যতক্ষণ কাফির হওয়ার শর্তাবলী ও প্রতিবন্ধকের কারণসমূহ সন্ধান না করা হবে।

তাওহীদ-এর প্রকারভেদ

প্রথম, রুবুবিয়্যাহ বা প্রভূত্ত্বের তাওহীদ :

আল্লাহর রসুল (সা.)-এর যুগের কাফিররা এটা (কোন কোন অংশ) স্বীকার করেছিল কিন্তু এটি তাদের ইসলামে প্রবেশ করায় নি। আল্লাহর রসুল (সা.) তাদের সাথে লড়াই করেছেন। তাদের রক্ত এবং সম্পদকে হালাল জেনেছেন।

এ তাওহীদের প্রমাণ-আল্লাহ বলেন:

قُلْ مَن يَرْزُقُكُم مِّنَ السَّمَاء وَالأَرْضِ أَمَّن يَمْلِكُ السَّمْعَ والأَبْصَارَ وَمَن يُخْرِجُ الْحَيَّ مِنَ الْمَيَّتِ وَيُخْرِجُ الْمَيَّتَ مِنَ الْحَيِّ وَمَن يْدَبَّرُ الأَمَّرَ فَسَيَقُولُونَ الله فَقُلْ أَفَلاَ تَتَقُونَ (يونس: 31)

অর্থ : 'তাদের জিজ্ঞেস কর, 'আকাশ আর যমীন হতে কে তাদের জীবিকার ব্যবস্থা করে? কিংবা শ্রবণশক্তি ও দর্শনশক্তি কার মালিকানাধীন? আর মৃত থেকে জীবিতকে কে বের করেন আর কে মৃতকে জীবিত থেকে বের করেন? যাবতীয় বিষয়ের শাসন ও নিয়ন্ত্রণ কার অধীনস্থ? তারা বলে উঠবে, আল্লাহ। তাহলে তাদেরকে বল, তবুও তোমরা তাক্ওয়া অবলম্বন করবে না?'

(সুরা-ইউনুস : ৩১)

দিতীয়. তাওহীদ আল-উলুহিয়্যাহ বা ইবাদতে তাওহীদ^{*} :

এ ক্ষেত্রেই সে যুগে এবং এ যুগে দ্বন্দ্ব দেখা দিয়েছে। এটি হচ্ছে বান্দার কাজের মাধ্যমে আল্লাহকে এক ও একক বলে মানা। যেমন : দোয়া, নযর-

৮. তাওহীদ রবুবিয়াহে হচ্ছে আল্লাহর কৃতকর্মে তাকে একক বিশ্বাস করা যেমন সৃষ্টি, রিথিকদান, জীবন দান, মৃত্যুদান, সমগ্র রাজ্য ও বিষয়াদি পরিচালনা করা ইত্যাদি।

(আফিলাহ নির্দেশিকা)

৯. ইবাদতে তাওহীদ হচ্ছে এই যে, যে সকল কাজের (ইবাদত ও আমলের) জন্য আল্লাহ বান্দাহদেরকে সৃষ্টি করেছেন তাতে তার একত্বাদ প্রতিষ্ঠিত করা, যেমন-সালাত, সাওম পশু জবাই (কুরবানী) মানত, সাহায্য চাওয়া সহ অন্যান্য ইবাদতসমূহ। অর্থাৎ সকল প্রকার ইবাদত কেবলমাত্র আল্লাহর জন্য সাব্যস্ত করা। যে ব্যক্তি কোন এক প্রকারের ইবাদত আল্লাহ ব্যতীত অন্যের জন্য সাব্যস্ত করবে, তিনি নবী, তিনি ফেরেশতা, কোন ওলি, দরবেশ হোন না কেন, সে কাফির মুশরিকে পরিণত হবে।

নিয়ায, কুরবানী, আশা, ভয়, ভরসা, অনুরাগ, বিরাগ, আনুগত্য। এগুলোর প্রত্যেকটি প্রকারের স্বপক্ষে কুরআন থেকে প্রমাণ রয়েছে।

তৃতীয়. তাওহীদুল আসমা ওয়াস্ সিফাত বা নামসমূহ ও গুণাবলীর তাওহীদ^১°: আল্লাহ তাআ'লা বলেছেন :

ত্তি জুর । তাঁর সমকক্ষ কেউ নয়। পুরা: আল-ইখলাস)
তিনি আরও বলেন :

وَلِللهِ الأَسْمَاءِ الْحُسْنَى فَادْعُوهُ بِهَا وَذَرُواْ الَّذِينَ يُلْحِدُونَ فِي أَسْمَآتِهِ سَيْجْزَوْنَ مَا كَانُواْ يَعْمَلُونَ (الاعراف: 180)

অর্থ : 'সুন্দর যত নাম সবই আল্লাহ্র জন্য। কাজেই তাঁকে ডাক ওই সব নামের মাধ্যমে। যারা তার নামের মধ্যে বিকৃতি ঘটায় তাদেরকে পরিত্যাগ কর। তারা যা করছে তার ফল তারা শীঘ্রই পাবে।' (সুরা-আল-আরাফ : ১৮০) আল্লাহ আরও বলেছেন :

لَيْسَ كَمِثْلِهِ شَيْءٌ وَهُوَ السَّمِيعُ البَصِيرُ (الشورى: 11)

অর্থ : 'কোন কিছুই তাঁর সদৃশ নয়, তিনি সব শোনেন, সব দেখেন।'

১০. নামসমূহ ও গুণাবলীর তাওহীদ হচ্ছে এই যে, কুরআন ও সুনাহ হতে আল্লাহর যে সমস্ত নাম ও গুণাবলী উল্লেখিত হয়েছে সেগুলোকে কোন বিকৃতি, বিলুপ্তি, ধরণ পদ্ধতি, অপব্যাখ্যা ও তুলনা উপমা ছাড়া বিশ্বাস ও সাব্যস্ত করা। চাই গুণাবলীগুলো আচরণগত হোক চাই সন্ত্বাগত। যেমন আরশে সমুনুত হওয়া, কথা বলা, ভালোবাসা, রাগ করা, হাসা, আল্লাহর হাত, পা, চেহারা, চক্ছু, মৃষ্টি, আকার আকৃতি ইত্যাদি। আল্লাহকে নিরাকার মনে করা বা আল্লাহকে সর্বত্র বিরাজমান মনে করা এ প্রকার তাওহীদ বিরুদ্ধ ধারণা।

শিরক^{১১}

এটি তিন প্রকার : বড় শির্ক, ছোট শির্ক ও গুপ্ত শির্ক। আল্লাহ বড় শির্ক ক্ষমা করেন না। শির্ক মিশ্রিত কোন নেক আমল কবুল করেন না।

আল্লাহ তাআ'লা বলেছেন :

إِنَّ اللَّهُ لاَ يَغْفِرُ أَن يُشْرَكَ بِهِ وَيَغْفِرُ مَا دُونَ ذَلِكَ لِمَن يَشَاء وَمَن يُشْرِكُ بِاللَّهُ فَقَدْ ضَلَّ ضَلَالًا بَعِيدًا (النساء:116)

অর্থ : 'নিশ্চয়ই আল্লাহ তাঁর সঙ্গে শরীক করাকে ক্ষমা করেন না, এছাড়া অন্য সব যাকে ইচ্ছে মাফ করেন এবং যে ব্যক্তি আল্লাহ্র সঙ্গে শরীক করে, সে চরমভাবে গোমরাহীতে পতিত হল : বুরা আনুন্নিসা : ১১৬)

আল্লাহ আরও বলেন:

وَقَالَ الْمَسِيحُ يَا بَنِي إِسْرَائِيلَ اعْبُدُواْ اللّهَ رَبَي وَرَبَّكُمْ إِنَّهُ مَن يُشْرِكُ بِاللّه فَقَدْ حَرَّمَ اللّهُ عَلَيهِ الْجُنَّةَ وَمَأْوَاهُ النَّارُ وَمَا لِلظَّالِمِينَ مِنْ أَنصَارِ (المائدة: 72)

অর্থ: 'মাসীহ তো বলেছিল, হে বনী ইসরাঙ্গল! তোমরা আল্লাহর 'ইবাদাত কর যিনি আমার প্রতিপালক এবং তোমাদেরও প্রতিপালক। যে ব্যক্তি আল্লাহর সঙ্গে অংশীস্থাপন করে তার জন্য আল্লাহ অবশ্যই জান্নাত হারাম করে দিয়েছেন আর তার আবাস হল জাহান্নাম। যালিমদের জন্য কোন সাহায্যকারী নেই।' (সুরা-আল-মারিদাহ: ৭২)

আল্লাহ আরও বলেন:

وَقَدِمْنَا إِلَى مَا عَمِلُوا مِنْ عَمَلٍ فَجَعَلْنَاهُ هَبَاء مَّنثُورًا (الفرقان: 23)
অর্থ : 'তারা (দুনিয়ায়) যে আমাল করেছিল আমি সেদিকে দৃষ্টি দিব,
অতঃপর তাকে বানিয়ে দেব ছড়ানো ছিটানো ধূলিকণা (সদৃশ)।'

(সুরা-আল-ফুরস্থান: ২৩)

১১. আল্লাহর রুবুবিয়াত (রব হিসেবে কাজসমূহ), উলুহিয়্যাত (ইবাদাতে) এবং নাম ও গুণাবলীর কিছু অংশে কোন ব্যক্তি, বস্তু বা মতবাদকে শরীক করা।

আল্লাহ আরও বলেন:

لَئِنْ أَشْرَكْتَ لَيَحْبَطَنَّ عَمَلُكَ وَلَتَكُونَنَّ مِنَ الْخَاسِرِينَ (الزمر :65)

অর্থ : 'তুমি যদি (আল্লাহ্র) শরীক স্থির কর, তাহলে তোমার কর্ম অবশ্য অবশ্যই নিক্ষল হয়ে যাবে, আর তুমি অবশ্য অবশ্যই ক্ষতিগ্রস্তদের অস্তর্ভুক্ত হবে।' (পুরা-আয়-যুমার : ৬৫)

আল্লাহ আরও বলেন:

وَلَوْ أَشْرَكُواْ لَحَيِطَ عَنْهُم مَّا كَانُواْ يَعْمَلُونَ (الانعاء:88)

অর্থ : 'তারা যদি শির্ক করত তবে তাদের সব কৃতকর্ম বিনষ্ট হয়ে যেত।'
(সুরা-আশ-আন্আম : ৮৮)

বড় শির্ক-এর প্রকারভেদ

প্রথম প্রকার. দোয়া বা আহ্বানে শির্ক:

এর প্রমাণ আল্লাহ বলেন:

فَإِذَا رَكِبُوا فِي الْفُلْكِ دَعَوُا اللَّهَ مُخْلِصِينَ لَهُ الدِّينَ فَلَمَّا خَجَّاهُمْ إِلَى الْبَرِّ إِذَا هُمْ يُشْرِكُونَ (العنكبوت: 65)

অর্থ: 'তারা যখন নৌযানে আরোহণ করে তখন বিশুদ্ধ অন্তঃকরণে একনিষ্ঠ হয়ে তারা আল্লাহ্কে ডাকে। অতঃপর তিনি যখন তাদেরকে নিরাপদে স্থলে পৌছে দেন, তখন তারা (অন্যকে আল্লাহ্র) শরীক করে বসে।'

(সুরা-আল-আনকাবুত: ৬৫)

দিতীয় প্রকার. নিয়ত, ইচ্ছা ও সংকল্পে শিরক :

আল্লাহ বলেন:

مَن كَانَ يُرِيدُ الْحَيَاةَ الدُّنْيَا وَزِينَتَهَا نُوفِّ إِلَيْهِمْ أَعْمَالَهُمْ فِيهَا وَهُمْ فِيهَا لاَ يُبْخَسُونَ أُوْلَـئِكَ الَّذِينَ لَيْسَ لَهُمْ فِي الآخِرَةِ إِلاَّ النَّارُ وَحَبِطَ مَا صَنَعُواْ فِيهَا وَبَاطِلُ مَّا كَانُواْ يَعْمَلُونَ (مود: 15-16) অর্থ : 'যারা এ দুনিয়ার জীবন আর তার শোভা সৌন্দর্য কামনা করে, তাদেরকে এখানে তাদের কর্মের পুরোপুরি ফল আমি দিয়ে দেই, আর তাতে তাদের প্রতি কোন কমতি করা হয় না। কিন্তু আখিরাতে তাদের জন্য আগুন ছাড়া কিছুই নাই, এখানে যা কিছু তারা করেছে তা নিক্ষল হয়ে গেছে, আর তাদের যাবতীয় কাজকর্ম ব্যর্থ হয়ে গেছে।' (সুরা-হুদ : ১৫-১৬)

তৃতীয় প্রকার. আনুগত্যের শিরক:

আল্লাহ বলেন:

اتَّخَدُواْ أَحْبَارَهُمْ وَرُهْبَانَهُمْ أَرْبَابًا مِّن دُونِ الله وَالْمَسِيحَ ابْنَ مَرْيَمَ وَمَا أُمِرُواْ إِلاَّ لِيَعْبُدُواْ إِلَــهَا وَاحِدًا لاَّ إِلَــهَ إِلاَّ هُوَ سْبْحَانَهُ عَمَّا يُشْرِكُونَ (التوبة: 31)

অর্থ: 'আল্লাহ্কে বাদ দিয়ে তারা তাদের আলিম আর দরবেশদেরকে রব বানিয়ে নিয়েছে; আর মারইয়াম-পুত্র মাসীহ্কেও। অথচ তাদেরকে এক ইলাহ ব্যতীত (অন্যের) ইবাদাত করার আদেশ দেয়া হয়নি। তিনি ব্যতীত সত্যিকারের কোন ইলাহ নেই, প্রশংসা আর মহিমা তাঁরই, (বহু উর্ধ্বে তিনি) তারা যাদেরকে (তাঁর) অংশীদার গণ্য করে তাখেকে।' (সুরা-আত্-ভাওবাহ: ৩১)

এ আয়াতের সঠিক তাফসীর হচ্ছে, নাফরমানী ও অবাধ্যতার কাজে আলিম ও আবিদদের (ইবাদাতকারীদের) আনুগত্য করা; তাদের ডাকাই শুধু উদ্দেশ্য নয়। যেমনটি নবী মুহাম্মাদ (সা.) আদী বিন হাতিম (রা.) কর্তৃক জিজ্ঞাসিত হওয়ার ফলে ব্যাখ্যা করেছেন। আদী বলেছিলেন, 'আমরা তাদের ইবাদাত করতাম না। রসুল (সা.) তাকে বললেন যে, তাদের ইবাদাত হচ্ছে আল্লাহর হালাল-হারামকে পরিবর্তন করার পর, তাদেরকে মেনে নেওয়া।

চতুর্থ প্রকার. মুহাব্বত বা ভালোবাসায় শির্ক:

আল্লাহ বলেন:

وَمِنَ النَّاسِ مَن يَتَّخِذُ مِن دُونِ اللَّهِ أَندَاداً يُحِبُّونَهُمْ كَحُبِّ اللَّهِ (البقرة: 165)

অর্থ : 'আর কোন কোন লোক এমনও আছে, যে আল্লাহ ছাড়া অন্যান্যকে আল্লাহ্র সমকক্ষরপে গ্রহণ করে, আল্লাহ্কে ভালোবাসার মত তাদেরকে ভালোবাসে।' (সুরা-আল-বাকারাহ : ১৬৫)

ছোট শিরুক

ছোট শির্ক: এটি হচ্ছে রিয়া বা লোক দেখানোর ইচ্ছা।

আল্লাহ বলেন:

فَمَن كَانَ يَرْجُو لِقَاء رَبِّهِ فَلْيَعْمَلْ عَمَلًا صَالِحًا وَلَا يُشْرِكُ بِعِبَادَةِ رَبِّهِ أَحَدًا (الكهف: 110)

অর্থ: 'যে ব্যক্তি তার প্রতিপালকের সঙ্গে সাক্ষাতের আশা করে, সে যেন সং আমল করে আর তার প্রতিপালকের ইবাদাতে কাউকে শরীক না করে।' (সুরা-কাহাফ: ১১০)

গোপন শিরুক

গুপ্ত বা সৃক্ষ শির্ক: নবী মুহাম্মাদ (সা.) বলেছেন:

الشرك في هذه الامة انخفي من دبيب النملة على صفاة سوداء في ظلمة الليل " (صحيح الجامع الصغير 233/3)

অর্থ : 'এ উম্মতের শির্ক রাতের আঁধারে কালো পাথরের উপর কালো পিঁপড়ের পদচারণার চেয়েও গুপ্ত বা সুক্ষ।' (সহীহল ন্সামে আছ্ছণীর ৩/২৩৩)

এর কাফ্ফারাহ হচ্ছে :

اللَّهُمَّ انى اعوذ بك من ان اشرك بك شيئا و أنا أعلم و أستغفرك من الذنب الذي لا أعلم (صحيح الجامع الصغير 233/3)

অর্থ : 'হে আল্লাহ, নিশ্চয় আমি জেনে শুনে তোমার সাথে কোন কিছুকে শরীক করা থেকে আশ্রয় প্রার্থনা করছি এবং না জেনে করা শির্কের জন্য তোমার নিকট ক্ষমা প্রার্থনা করছি।' (সহীত্বল জামে সগীর ৩/২৩৩)

কুফর-এর প্রকারভেদ

বড় কুফর :

এটি এমন কুফ্র যা মুসলিম মিল্লাত থেকে বের করে দেয়। এটি পাঁচ প্রকার :

এক. মিথ্যা আরোপ করার কুফর।

আল্লাহ বলেন:

আল্লাহ বলেন:

وَمَنْ أَظْلَمُ مِمَّنِ افْتَرَى عَلَى اللّٰهِ كَذِبًا أَوْ كَذَّبَ بِالْحُقِّ لَمَّا جَاءُهُ أَلَيْسَ فِي جَهَنَّمَ مَثْوًى لِّلْكَافِرِينَ (العنكبوت: 68)

অর্থ: 'তার চেয়ে বড় যালিম আর কে আছে যে আল্লাহ্র সম্বন্ধে মিথ্যে রচনা করে আর প্রকৃত সত্যকে অস্বীকার করে যখন তা তাঁর নিকট থেকে আসে? কাফিরদের আবাস স্থল কি জাহান্নামের ভিতরে নয়?' স্বেরা-আল-আনকাবৃত: ৬৮)
দুই, সত্য বলে মেনে নেওয়ার পরও অহংকার এবং অস্বীকারজনিত কুফ্র।

وَإِذْ قُلْنَا لِلْمَلاَ فِكَةِ اسْجُدُواْ لاَدَمَ فَسَجَدُواْ إِلاَّ إِبْلِيسَ أَبَى وَاسْتَكْبَرَ وَكَانَ مِنَ الْكَافِرِينَ (البقرة: 34)

অর্থ: 'যখন আমি ফেরেশতাদেরকে বললাম, আদমকে সেজদাহ কর, তখন ইবলিস ছাড়া সকলেই সেজদাহ্ করল, সে অমান্য করল ও অহঙ্কার করল, কাজেই সে কাফিরদের অন্তর্ভুক্ত হয়ে গেল।' (সুরা-আল-বাকারাহ: ৩৪)

তিন. সন্দেহ জনিত কুফ্র। এটি হচ্ছে ধারণা সম্পর্কিত কুফ্র। আল্লাহ বলেন:

وَدَخَلَ جَنَّتَهُ وَهُوَ ظَالِمُ لِنَفْسِهِ قَالَ مَا أَظُنُ أَن تَبِيدَ هَذِهِ أَبَدًا ، وَمَا أَظُنُ السَّاعَةَ قَائِمَةً وَلَئِن رُّدِدتُ إِلَى رَبِّي لَأَجِدَنَّ خَيْرًا مِّنْهَا مُنْقَلَبًا ، قَالَ لَهُ صَاحِبُهُ وَهُوَ يُحَاوِرُهُ أَكَفَرْتَ بِالَّذِي خَلَقَكَ مِن تُرَابٍ ثُمَّ مِن نُطْفَةٍ ثُمَّ سَوَّاكَ رَجُلًا، لَكُمْ عَن نُطْفَةٍ ثُمَّ سَوَّاكَ رَجُلًا، لَكِينًا هُوَ اللَّهُ رَبِّي وَلَا أُشْرِكُ بِرَبِي أَحَدًا (الكهف: 35-38)

অর্থ: 'নিজের প্রতি যুল্ম করে সে তার বাগানে প্রবেশ করল। সে বলল, আমি ধারণা করি না যে, এটা কোনদিন ধ্বংস হয়ে যাবে। আমি মনে করি না যে কিয়ামাত হবে। আর যদি আমাকে আমার প্রতিপালকের কাছে ফিরিয়ে নেওয়াই হয়, তাহলে অবশ্য অবশ্যই আমি পরিবর্তে আরও উৎকৃষ্ট স্থান পাব। কথার প্রসঙ্গ টেনে তার সাথী বলল, তুমি কি তাঁকে অস্বীকার করছ যিনি তোমাকে মাটি থেকে সৃষ্টি করেছেন, অতঃপর শুক্র-কীট হতে, অতঃপর তোমাকে পূর্ণাঙ্গ দেহসম্পন্ন মানুষ বানিয়ে দিয়েছেন? (আর আমার ব্যাপারে কথা হল) সেই আল্লাহই আমার প্রতিপালক, আমি কাউকে আমার প্রতিপালকের শরীক করব না।' (সুরা-আল-কাহাফ: ৩৫-৩৮)

চার. বিমুখতা জনিত কুফ্র। আল্লাহ বলেন:

অর্থ : 'কিন্তু কাফিরগণ, যে বিষয়ে তাদেরকে সতর্ক করা হয় তা থেকে মুখ ফিরিয়ে নেয়।' (সুরা-আল-আহন্বাফ: ৩)

পাঁচ. নিফাক বা কপটতা জনিত কুফ্র। আল্লাহ বলেন:

(३: ذَلِكَ بِأَنَّهُمْ آمَنُوا ثُمَّ صَّفَرُوا فَطْبِعَ عَلَى قُلُوبِهِمْ فَهُمْ لَا يَفْقَهُونَ (المانقون: 3) অর্থ: 'তার কারণ এই যে, তারা ঈমান আনে, অতঃপর কুফুরী করে। এজন্য তাদের অন্তরে মোহর লাগিয়ে দেওয়া হয়েছে। যার ফলে তারা কিছুই বুঝে না।' (সুরা-আল-মুনাফিকুন: ৩)

ছোট কৃফ্র:

এটি মুসলিম মিল্লাত থেকে বের করে দেয় না। এটি হচ্ছে নিয়ামতের কুফ্র। আল্লাহ বলেন:

وَضَرَبَ اللّهِ مَثَلاً قَرْيَةً كَانَتْ آمِنَةً مُطْمَئِنَةً يَأْتِيهَا رِزْقُهَا رَغَدًا مِّن كُلِّ مَكَانٍ فَكَفَرَتْ بِأَنْعُمِ اللّهِ فَأَذَاقَهَا اللهِ لِبَاسَ الجُّوعِ وَالْحُوْفِ بِمَا كَانُواْ يَصْنَعُونَ (النحل: 112)

অর্থ : 'আল্লাহ এক জনবসতির দৃষ্টান্ত পেশ করছেন যা ছিল নিরাপদ, চিন্তা-ভাবনাহীন। স্বস্থান থেকে সেখানে আসত জীবন ধারণের পর্যাপ্ত উপকরণ। অতঃপর সে জনপদ আল্লাহ্র নিয়ামতরাজির কুফুরী করল, অতঃপর আল্লাহ তাদের কৃতকর্মের কারণে ক্ষুধা ও ভয়-ভীতির মুসিবত তাদেরকে আস্বাদন করালেন। (সুরা-আন্-নাহল: ১১২)

নিফাক (কপটতা)-এর প্রকারভেদ

আকিদাগত নিফাক:

আকিদাগত নিফাক ছয় প্রকার। এ শ্রেণীর মুনাফিক জাহান্নামের অতল তলের অধিবাসী:

প্রথম : রসুল (সা.)-কে মিথ্যা প্রতিপন্ন করা।

দিতীয় : রসুল (সা.)-এর আনীত ওহীর কিছু অংশকে মিথ্যা প্রতিপন্ন

করা :

তৃতীয় : রসুল (সা.) এর প্রতি হিংসা-বিদ্বেষ পোষণ করা।

চতুর্য : রসুল (সা.) আনীত বিধানের কিছু অংশের প্রতি বিদ্বেষ পোষণ

করা।

পঞ্জম : রসুল (সা.) আনীত দ্বীনের অবনতিতে খুশি হওয়া :

ষষ্ঠ : রসুল (সা.) আনীত দ্বীনের বিজয়কে অপছন্দ করা।

আমলগত নিফাক:

আমলগত নিফাক পাঁচ প্রকার। রসুল (সা.) বলেছেন:

آية المنافق ثلاث: إذا حدث كذب و إذا وعد أخلف وإذا اؤتمن خان (متفن عليه)

অর্থ : 'মুনাফিকের (কপটের) লক্ষণ তিনটি : যখন কথা বলে মিথ্যা বলে। যখন অঙ্গীকার করে ভঙ্গ করে। যখন তার নিকট আমানত রাখা হয় সেটির খেয়ানত করে।' (সহীহ বুখারী : ৩৩ ও সহীহ মুসলিম : ২২০)

তারেক বর্ণনায় আছে:

অর্থ: 'যখন ঝগড়া করে অশ্লীল কথা বলে। যখন সন্ধি করে তা ভঙ্গ করে।'
(সহীহ বুখারী: ২৩২৭ ও সহীহ মুসলিম: ২১৯)

সকল প্রকার তাগুতকে অস্বীকার করা

জেনে রাখুন, (আল্লাহ আপনার প্রতি দয়া বর্ষণ করুন) আল্লাহ তাআ'লা আদম সম্ভানের উপর প্রথম যে জিনিসটি ফরয করেছেন তা হচ্ছে তাগুতকে অস্বীকার করা এবং আল্লাহর প্রতি ঈমান রাখা।

আল্লাহ বলেন:

وَلَقَدُ بَعَثْنَا فِي كُلِّ أُمَّةٍ رَسُولاً أَنِ اعْبُدُواْ اللَّهِ وَاجْتَنِبُواْ الطَّاعُوتَ (النحل: 36) অৰ্থ: 'প্ৰত্যেক জাতির কাছে আমি রসুল পাঠিয়েছি (এ সংবাদ দিয়ে) যে, আল্লাহ্র ইবাদাত কর আর তাওতকে বর্জন কর ا نَابِينَ আল্লাহন : مَانِ

তাগুতকে অস্বীকার করার ব্যাখ্যা হচ্ছে, আল্লাহ ছাড়া অন্য কারোর ইবাদাতকে বাতিল ও অন্তঃসারশূন্য বলে বিশ্বাস করা। এটি পরিত্যাগ করা। এর প্রতি বিদ্বেষ পোষণ করা। যারা আল্লাহকে বাদ দিয়ে অন্য কারোর বা কোন কিছুর ইবাদাত করে তাদের কাফির বলে বিশ্বাস করা এবং তাদেরকে শক্র জ্ঞান করা। আল্লাহর প্রতি ঈমানের অর্থ হচ্ছে একমাত্র আল্লাহ ছাড়া আর কোন প্রকৃত ইলাহ নেই-একখা বিশ্বাস করা, আল্লাহর জন্যই সকল প্রকার ইবাদাতকে নিখাদ ও নির্ভেজাল করা, তিনি ছাড়া যত ইলাহ আছে তাদের ইবাদাতকে অস্বীকার করা, মুখলিছ (একনিষ্ঠ ও নির্ভেজাল) লোকদের ভালবাসা এবং তাদের সাথে মৈত্রী স্থাপন করা। মুশরিকদের ঘৃণা করা এবং তাদেরকে শক্র বলে বিশ্বাস করা। এটাই হচ্ছে মিল্লাতে ইবরাহীমের সারমর্ম। যারা তা থেকে বিমুখ হয়েছে তারা নিজেদের বোকা বানিয়েছে।

এ আদর্শ সম্পর্কেই আল্লাহ বলেছেন:

قَدْ كَانَتْ لَكُمْ أُسُوةً حَسَنَةً فِي إِبْرَاهِيمَ وَالَّذِينَ مَعَهُ إِذْ قَالُوا لِقَوْمِهِمْ إِنَّا بُرَاء مِنكُمْ وَمِمَّا تَعْبُدُونَ مِن دُونِ اللهِ كَفَرْنَا بِكُمْ وَبَدَا بَيْنَنَا وَبَيْنَكُمُ الْعَدَاوَةُ وَالْبَغْضَاءَ أَبَدًا حَتَّى تُؤْمِنُوا بِاللهِ وَحْدَهُ (المنحنة: 4)

অর্থ : 'ইব্রাহীম ও তার সঙ্গী-সাথীদের মধ্যে তোমাদের জন্য আছে উত্তম আদর্শ। যখন তারা তাদের সম্প্রদায়কে বলেছিল–তোমাদের সঙ্গে আর আল্লাহকে বাদ দিয়ে তোমরা যাদের ইবাদাত কর তাদের সঙ্গে আমাদের কোন সম্পর্ক নেই। আমরা তোমাদেরকে প্রত্যাখ্যান করছি। আমাদের আর তোমাদের মাঝে চিরকালের জন্য শক্রতা ও বিদ্বেষ শুরু হয়ে গেছে যতক্ষণ তোমরা এক আল্লাহ্র প্রতি ঈমান না আনবে।' (সুরা-আল-মুম্ভাহিনাহ: ৪)

তাগুতের অর্থ ও এর প্রধান প্রধান প্রকারসমূহ

'তাগুত' একটি ব্যাপক অর্থবোধক শব্দ। আল্লাহকে বাদ দিয়ে যার ইবাদাত অনুসরণ ও অনুকরণ করা হয় এবং এতে সে সন্তুষ্ট থাকে তাকেই 'তাগুত' বলা হয়। তাগুত অনেক প্রকারের, তনুধ্যে প্রধান হচ্ছে পাঁচটি।

প্রথম. শয়তান : যে আল্লাহ ছাড়া অন্য কারো বা কোন কিছুর ইবাদাত করতে আহবান করে।

আল্লাহ বলেন:

أَلَهُ أَعْهَدْ إِلَيْكُمْ يَا بَنِي آدَمَ أَن لَّا تَعْبُدُوا الشَّيْطَانَ إِنَّهُ لَكُمْ عَدُوًّ مُبِينُ (بس 60) سع : 'د ساسه সন্তান, আমি কি তোমাদের বলে রাখিনি যে, তোমরা শয়তানের ইবাদাত করো না। নিশ্চয়ই সে তোমাদের জন্য প্রকাশ্য শক্র।'

(সরা-ইয়াসীন : ৬০)

দ্বিতীয়, আল্লাহর বিধান পরিবর্তনকারী যালিম শাসক। আল্লাহ বলেন:

أَلَمْ تَرَ إِلَى الَّذِينَ يَزْعُمُونَ أَنَّهُمْ آمَنُواْ بِمَا أُنزِلَ إِلَيْكَ وَمَا أُنزِلَ مِن قَبُلِكَ يُرِيدُونَ أَن يَتَحَاكُمُواْ إِلَى الطَّاعُوتِ وَقَدْ أُمِرُواْ أَن يَكْفُرُواْ بِهِ وَيُرِيدُ الشَّيْطَانُ أَن يُضِلَّهُمْ ضَلاَلاً بَعِيدًا (النساء: 60)

অর্থ: 'তুমি কি সেই লোকেদের প্রতি লক্ষ্য করনি, যারা তোমাদের প্রতি অবতীর্ণ কিতাবের এবং তোমার আগে অবতীর্ণ কিতাবের উপর ঈমান এনেছে বলে দাবী করে, কিন্তু তাগৃতের কাছে বিচারপ্রার্থী হতে চায়, অথচ তাকে প্রত্যাখ্যান করার জন্য তাদেরকে নির্দেশ দেওয়া হয়েছে, শয়তান তাদেরকে প্রস্তুষ্ট করে বহুদূরে নিয়ে যেতে চায়।' (সুরা-আন্-নিসা: ৬০)

তৃতীয়: যে ব্যক্তি আল্লাহর বিধান বাদ দিয়ে অন্য কোন বিধান অনুযায়ী। শাসন-বিচার করে।^{১২}

১২, এ বিষয়টি ব্যাখ্যা সাপেক:

এ ব্যাপারে ইবনে আব্বাস (রা.)-এর একটি উক্তির কারণে অনেকেই সঠিকভাবে ব্যাপারটি বুঝতে ভুল করেন। উক্তিটি এরকম:

عن طاؤس عن عباس في قوله "وَمَن لَمْ يَحْكُم بِمَا أَنزَلَ اللّه فَأُوْلَئِكَ هُمُ الْكَافِرُونَ " قال ليس بالكفر الذي تذهبون إليه ، رواه الحاكم في مستدركه من حديث سفيان بن عيينة و قال صحيح على شرط الشيخين ولم يخرجاد (انظر ابن كثير 85-86)

ত্বা'উস ইবনু আব্বাস থেকে উল্লেখিত আয়াত প্রসঙ্গে বর্ণনা করেন যে, আয়াতে উল্লেখিত 'কুফর' বলতে তোমরা যা মনে করে থাকো তা নয়। এ বর্ণনাটি আল-হাকিম আলমুসতাদরাকে সুফইয়ান বিন উইয়াইনার বরাতে উদ্ধৃত করেছেন এবং বুখারী মুসলিমের
শর্তানুযায়ী সহীহ বলেছেন। (ভাফশীর ইবনু কাসীর ২/৮৫-৮৬)

এই আছারের উপর ভিত্তি করে অনেকে আল্লাহর অবতীর্ণ আইন-বিধান ব্যতীত শাসন ও বিচার-ফায়সালার শুধুমাত্র পাঁচটি অবস্থা উল্লেখ করেছেন, (১) যে মানব রচিত আইন-বিধানকে আল্লাহর বিধানের চেয়ে উত্তম ও উপযোগী মনে করবে সে প্রকৃত কাফির (২) যে ব্যক্তি উভয় প্রকার আইন-বিধানকে সমানভাবে বৈধ মনে করবে সে প্রকৃত কাফির (৩) যে ব্যক্তি আল্লাহর আইন-বিধানকে উত্তম বিশ্বাস করতঃ মানব রচিত আইন-বিধান দ্বারা শাসন করা বৈধ মনে করে সেও প্রকৃত কাফির (৪) যে ব্যক্তি মানব রচিত আইন-বিধানকেই আল্লাহর আইন-বিধান বলে দাবী করবে সেও প্রকৃত কাফির (৫) যে ব্যক্তি এ বিশ্বাস করে যে, আল্লাহর আইন-বিধান দ্বারা শাসন করাই উত্তম ও কর্তব্য এবং মানব রচিত আইন-বিধান দ্বারা শাসন করাই উত্তম ও কর্তব্য এবং মানব রচিত আইন-বিধান দ্বারা শাসন করা অবৈধ ও বর্জনীয় কিন্তু পরিবেশ পারিপার্শ্বিকতার চাপের মুখে তা বাস্তব্যয়ন করতে পারে না। এ ব্যক্তি ছোট ও অপ্রকৃত কাফির। এর মাধ্যমে সে ইসলাম থেকে বহিশ্ব্বত্ হবে না। (দেশ্বন আল-উরওঘাত্বল উছ্ক্। ১৬৭-১৬৮)

দেখা যায় অনেকে বড় কুফরীকে শুধুমাত্র অন্তরের সাথে সম্পৃত্ত করেন। কিন্তু তারা ইবনে আব্বাস (রা.)-এর অন্যান্য উক্তি কিংবা একই ব্যাপারে অন্যান্য সালাফদের উক্তিকে খেরাল রাখতে ভূলে যান। ইবনে আব্বাস (রা.)-এর অপর একটি উক্তি হচ্ছে:

أخرج وكيع في أخبار القضاة (41/1): حدثنا الحسن بن أبي الربيع الجرجاني قال أخبرنا عبد الرزاق عن معمر عن ابن طاووس عن أبيه قال :" سثل ابن عباس عن قوله { ومن لم يحكم بما أنزل الله فأولنك هم الكافرون} قال: كفى به كفره ". وهذا الأثر صحيح الإسناد إلى ابن عباس رضي الله عنهما ؛ رجاله رجال الصحيح ما خلا شيخ وكيع: الحسن بن أبي الربيع الجرجاني وهو ابن الجعد العبدي. قال ابن أبي حاتم: سمعت منه مع أبي وهو صدوق ، وذكره ابن حبان في الثقات [انظر تهذيب التهذيب 1515]، وقال الحافظ والتقريب (505/1): صدوق".

ইমাম ওয়াকি (র.) 'আখবাকল কুদা' (১/৪১)-এ বর্ণনা করেন: আল হাসান বিন আরি রাবিয় আমাকে বর্ণনা করেছেন, আমাকে আব্দুর রাজ্জাক মুয়া'মার হতে, তিনি ইবনে তাউস হতে, তিনি তার পিতা থেকে বর্ণনা করেন, ইবনে আব্বাস (রা.)-কে, 'যে ব্যক্তি আল্লাহর জ্বাইন অনুযায়ী বিচার-ফায়সালা করেনা, তারাই কাফির'-এ আয়াত সম্পর্কে জিঞ্জেস করা হলো। তিনি বলেন: 'এটা যথেষ্ট কুফর।'

ইবনে আব্বাস (রা.) পর্যন্ত এই সনদটি সহীহ। এর সকল ব্যক্তিই (বুখারী-মুসলিমের রাবীদের অন্তর্ভ্জ) সহীহ, শুধুমাত্র ওয়াকি এর শায়খ, আল হাসান বিন আবি রাবির' ব্যজীত। আর তিনি হলেন ইবনে আল জায়'দ আল আ'বদি। ইবনে আবি হাতিম বলেন, 'আমি আমার পিতার সাথে তার কাছ থেকে শুনেছি তিনি সত্যবাদী।' ইবনে হিব্বান তাকে 'আল সিকাহ' তে উল্লেখ করেছেন (তাহজীব আত্ ভাহজীব: ১/৫১৫)। হাফিজ ইবনে হাজার (র.) বলেছেন, তিনি সত্যবাদী।' (আত্-ভাক্নীব ১/৫০৫)

ইবনে আব্বাস (রা.)-এর, 'এটা যথেষ্ট কুফর' কথা থেকে বুঝা যায় এ কাজ বড় কুফরী। আব্দুল্লাহ ইবনে মাসউদ (রা.) থেকে বর্ণিত আছে:

وأخرج أبويعلى في مسنده (5266) عن مسروق قال: "كنت جالساً عند عبدالله (يعني ابن مسعود) فقال له رجل: ما السحت ؟ قال: الرشا. فقال: في الحكم ؟ قال: ذاك الكفر ثم قرأ { ومن لم يحكم بما أنزل الله فأولئك هم الكافرون} "

-وأخرجه البيهتي (139/10) ووكيع في أخبار القضاة (52/1)، وذكره الحافظ ابن حجر في المطالب العالية (2/ 250) ونسبه لمسدد، ونقل الشيخ حبيب الرحمن الأعظمي في تعليقه على المطالب العالية قول البوصيري: "رواه مسدد وأبوبعلى والطبراني موقوفاً بإسناد صحيح والحاكم وعنه البيهقي ...".

ইমাম আৰু ইয়ালা মাসক্লক হতে বর্ণনা করে, 'আমরা আনুষ্মাহ ইবনে মাসউদ (রা.)-এর নিকট বসা ছিলাম, এক ব্যক্তি তাকে জিজ্ঞেস করলো, 'সুহুত' (অবৈধ উপার্জন) কি? তিনি বললেন, 'এটা হচ্চেছ ঘুষ', সে বললো, 'বিচার কাজে'? তিনি বললেন, 'এটা যথেষ্ট কুফরী'।- মুসানাদে আবু ইয়ালা (৫২৬৬), ইমাম বায়হাকী (১০/১৩৯), ইমাম ওয়াকি-এর 'আখবারুল কুদা' (১/৫২), হাফিজ ইবনে হাজার (র.) 'মাতালিবুল আলিয়া' (২/২৫০)-তে বর্ণনা করেন এবং 'মুসাদ্দাদ'-এর প্রতি সম্পর্কিত করেন। এছাড়াও শাইখ হাবিবুর রাহমান আল-আজামী 'মাতালিবুল আলিয়া'-এর টীকায় 'আল-বুসিরি'-এর মন্তব্য উদ্ধৃত করেন, 'মুসাদ্দাদ, আবু ইয়ালা ও তাবরানী সহীহ সূত্রে মওকুফ হিসেবে বর্ণনা করেছেন। এছাড়া আল-হাকিম এবং তাঁর থেকে আল-বায়হাকী বর্ণনা করেছেন।' এছাড়াও ইবনে কাসীর সুরা-আল-মায়িদাহ: 88 আয়াতের তাফসীরে তা বর্ণনা করেছেন।

প্রকৃতপক্ষে 'হুকুম'-এর তিনটি ভাগ রয়েছে :

ক. আইন প্রণয়ন করা : আইন-এর মাধ্যমে হালাল-হারাম নির্ধারণ করা যা ইতিমধ্যে ইসলামী শরীয়াতে নির্ধারিত আছে। এটা শুধুমাত্র আল্লাহর অধিকার। যে কেউ এ কাজ করবে, সে নিঃসন্দেহে শিরকে-এ লিগু হবে এবং সে কাফির।

ইমাম ইবনে তাইমিয়া (র.) বলেন, 'যে ব্যক্তি সর্বসম্মতিক্রমে হারামকে (অননুমোদিত) হালাল (অনুমোদিত) করে, কিংবা সর্বসম্মতিমে হালালকে হারাম করে, অথবা সর্বসম্মতিক্রমে প্রতিষ্ঠিত ইসলামী শরীয়াতকে প্রতিস্থাপন করে, সে আলিমদের সর্বসম্মতিক্রমে কাফির।' (মাজমু আল ফাতাওয়া: ৩/২৬৭)

র্থ, মানব রচিত আইন বারা শাসন / বিচার করা :

১. সর্বদা আল্লাহর আইন ছাড়া অন্য আইনে বিচার করা : এটা ইসলামী শরীয়াত পরিবর্তনের শামিল। এই ব্যক্তি কাফির হয়ে যায়। মুহাদ্দিস ইমাম আহমদ শাকির (র.) বলেন :

إن في الأمر في هذه القوانين الوضعية واضح وضوح الشمس، هي كفر بواح لإخفاء فيه ولا مداورة، ولا عذر لأحد عن ينتسب للإسلام _ كأننا من كان _ في العمل بها أو الخضوع لها أو إقرارها فليحذر امرؤ لنفسه وكل امرئ حسيب نفسه- (عمدة النفسير لأحمد شاكر)

মানব রচিত আইনের এই ব্যাপারটি সূর্যের আলোর মতো পরিস্কার। এটা পরিস্কার কুফ্রী এবং এর মধ্যে লুকানো কিছু নেই, যারা ইসলামের সাথে নিজেকে সম্পৃক্ত করে, তাদের জন্য এ অনুযায়ী কাজ করা অথবা এর কাছে আত্মসমর্পণ করা অথবা একে শীকার করার কোন অজুহাত নেই, সে যে কেউ হোক না কেন। তাই সবাইকেই এ ব্যাপারে সতর্ক থাকতে

وَمَن لَّمْ يَخْكُم بِمَا أَنزَلَ اللَّهِ فَأُوْلَـ ثِكَ هُمُ الْكَافِرُونَ (المائدة: 44)

হবে এবং প্রত্যেকে নিজের জন্য দায়ী থাকবে। তাই আলিমরা পরিস্কারভাবে সত্যকে জানিয়ে দিবেন এবং কোন কিছু গোপন করবেন না, যা বলতে ইসলাম তাদেরকৈ নির্দেশ দেয়, তা বলে দিবেন। (৪৯৮/৬৮ তাফগার-মুখতছার তাফগার ইবনে কাছীর: ৪/১৭৩-১৭৪)

২. শরীয়া আইন অপরিবর্তনীয় রেখে, ব্যক্তি সার্থে মাঝে মাঝে আল্লাহর আইন ছাড়া অন্য আইনে বিচার করা: এই ব্যক্তি এখনো মুসলিম, ইবনে আব্বাস (রা.)-এর প্রথম উক্তি এই ব্যক্তির জন্য প্রযোজ্য। সৌদি আরবের শরীয়া কাউসিলের প্রাক্তন গ্রান্ত মুফতী শাইখ মুহাম্মাদ বিন ইব্রাহীম (র.) বলেন:

وأما الذي قيل فيه : كفر دون كفر . إذا حاكم إلى غير الله مع اعتقاد أنه عاصر وأن حكم الله هو الحق فهذا الذي يصدر منه المرة نحوها أما الذي جعل قوانين بترتيب وتخضيع فهو كفر وإن قالوا أخطأنا وحكم الشرع أعدل ففرق بين المقرر والمثبت والمرجح جعلوه هو المرجع فهذا كفر ناقل عن الملة - (فتارى ورتسائل)

"আর 'কৃষ্ণর দুনা কৃষ্ণর' বলতে বুঝায়, যখন কোন বিচারক যে কোন ফায়সালার ক্ষেত্রে আল্লাহর কিতাব ছাড়া অন্য কিছুর মাধ্যমে বিচার করে এ অবস্থায় যে, সে জানে যে এ কাজের মাধ্যমে সে আল্লাহর অবাধ্য হচ্ছে, আল্লাহর হুকুমটাই এ ক্ষেত্রে সত্য (অধিক কল্যাণকর) এবং এ কাজ তার থেকে একবার কিংবা এরূপ অল্প সংখ্যক বার প্রকাশ পায়। এই ব্যক্তি বড় কৃষ্ণরী করেনি। আর যারাই আইন প্রণয়ন করে, অন্যদেরকে তা মানতে বাধ্য করে, সেটা কৃষ্ণরী যদিও তারা ভুল হয়ে যাওয়ার দাবী করে, যদিও আল্লাহর আইনকেই অধিক সত্য মনে করে, এটা হচ্ছে এমন কৃষ্ণরী যাতে মানুষ দ্বীন থেকে বের হয়ে যায়।" (আল-কাতাওয়া: ১২/২৮০)

গ. মানব রচিত আইন প্রয়োগকারী সংস্থা : যদিও তারা আইন-প্রণয়ন করছে না, কিন্তু তারা কুরআন-সূন্নাহ বিরোধী কুফরী আইন বাস্তবায়ন-প্রতিষ্ঠায় এবং ক্ষেত্র বিশেষে ঐ আইনে বিচার-ফায়সালায় লিপ্ত। এদের সম্পর্কে আল্লাহ বলেন :

'যারা ঈমানদার তারা আল্লাহর পথে যুদ্ধ করে, আর যারা কাঞ্চির তারা তাগুতের পথে যুদ্ধ করে।' (সরা-আন-নিমা: ৭৬) অর্থ : 'যারা আল্লাহর অবতীর্ণ বিধান অনুযায়ী শাসন করল না তারাই কাফির।' (সুরা-আল-মায়িদাহ : 88)

চতুর্থ. যে ব্যক্তি গায়েবের জ্ঞানের দাবী করে। আল্লাহ বলেন:

عَالِمُ الْغَيْبِ فَلَا يُظْهِرُ عَلَى غَيْبِهِ أَحَدًا إِلَّا مَنِ ارْتَضَى مِن رَسُولٍ فَإِنَّهُ يَسْلُكُ مِن بَيْنِ يَدَيْهِ وَمِنْ خَلْفِهِ رَصَدًا (الجز:27-26)

অর্থ : 'একমাত্র তিনিই অদৃশ্যের জ্ঞানী, তিনি তাঁর অদৃশ্যের জ্ঞান কারো কাছে প্রকাশ করেন না। তাঁর মনোনীত রসুল ব্যতীত। কেননা তিনি তখন তাঁর রাসুলের আগে-পিছে পাহারাদার নিযুক্ত করেন। (সুরা-আল-জ্বীন : ২৬-২৭) আল্লাহ আরও বলেন :

وَعِندَهُ مَفَاتِحُ الْغَيْبِ لاَ يَعْلَمُهَا إِلاَّ هُوَ وَيَعْلَمُ مَا فِي الْبَرِّ وَالْبَحْرِ وَمَا تَسْقُطُ مِن وَرَقَةِ إِلاَّ يَعْلَمُهَا وَلاَ حَبَّةٍ فِي ظُلُمَاتِ الأَرْضِ وَلاَ رَطْبٍ وَلاَ يَابِسٍ إِلاَّ فِي كِتَابٍ مُّبِينِ (الانعام: 59)

অর্থ: 'সম্স্ত গায়বের চাবিকাঠি তাঁর কাছে, তিনি ছাড়া আর কেউ তা জানে না, জলে-স্থলে যা আছে তা তিনি জানেন, এমন একটা পাতাও পড়ে না যা তিনি জানেন না। যমীনের গহীন অন্ধকারে কোন শস্য দানা নেই, নেই কোন ডেজা ও ওকনো জিনিস যা সুস্পষ্ট কিতাবে (লিখিত) নেই।'

(সুরা-আল-আন'আম : ৫৯)

পঞ্চম. আল্লাহকে বাদ দিয়ে যার ইবাদাত করা হয় এবং সে ঐ ইবাদতে সন্তুষ্ট।

আল্লাহ বলেন:

وَمَن يَقُلْ مِنْهُمْ إِنِّي إِلَّهُ مِّن دُونِهِ فَذَلِكَ نَجْزِيهِ جَهَنَّمَ كَذَلِكَ نَجْزِي الظَّالِمِينَ (الانبياء: 29) অর্থ: 'তাদের মধ্যে যে বলবে যে, তিনি ব্যতীত আমিই ইলাহ, তাহলে আমি তাকে তার প্রতিফল দেব জাহানাম। যালিমদেরকে আমি এভাবেই পুরস্কার। দিয়ে থাকি।' (সুরা-আল্-আহ্মা: ২৯)

জেনে রাখুন, মানুষ তাগুতকে অস্বীকার না করা পর্যন্ত আক্লাহর প্রতি ঈমান আনতে পারবে না।

আল্লাহ বলেন:

فَمَنْ يَكُفُرْ بِالطَّاعُوتِ وَيُؤْمِن بِاللَّهُ فَقَدِ اسْتَمْسَكَ بِالْعُرْوَةِ الْوُثْقَى لاَ انفِصَامَ لَهَا وَاللَّهُ سَمِيعً عَلِيمٌ (البقرة : 256)

অর্থ : 'যে ব্যক্তি মিথ্যে মা'বুদদেরকে (তাগুতকে) অমান্য করল এবং আল্লাহ্র প্রতি ঈমান আনল, নিশ্চয়ই সে দৃঢ়তর রজ্জু ধারণ করল যা ছিন্ন হওয়ার নয়। আল্লাহ সর্বশ্রোতা এবং সর্বজ্ঞাতা। (সুরা-আদ-বাকারাহ : ২৫৬)

মুহাম্মাদ (সা.)-এর দ্বীনই হচ্ছে সঠিক পথ এবং আবু জাহলের পথ ভ্রান্তির পথ। সুদৃঢ় হাতল হচ্ছে এই মর্মে সাক্ষ্য দেয়া যে, আল্লাহ ছাড়া আর কোন সত্যিকার ইলাহ নেই। এ সাক্ষ্য বাণীতে নেতিবাচক ও ইতিবাচক অস্বীকার উভয় দিকই রয়েছে। এই সাক্ষ্য আল্লাহ ছাড়া সকল সন্ত্রার সকল প্রকার ইবাদাতকৈ অস্বীকার করে এবং সকল প্রকার ইবাদাতকে একমাত্র আল্লাহর জন্যই নির্দিষ্ট করে, যার কোন অংশীদার নেই।

সকল প্রশংসা আল্লাহর যার অনুগ্রহে ভাল কাজগুলো সম্পন্ন হয়। আল্লাহ সুবহানাহু ওয়া তাআ'লা আমাদের সকলকে এ গ্রন্থের প্রতিটি বিষয়ে আমল করার তৌফিক দান করুন। আমিন

প রি শি ষ্ট

শিরক সংক্রান্ত চারটি মূলনীতি মহাম্মাদ বিন সুলাইমান আন্তামীমী (রহ.)

আমি মহান আল্লাহ রাব্বুল আল-আমীন এর কাছে দোয়া করি, যিনি পরম কল্পনাময় ও মহান আরশের অধিপতি, যেন আপনাকে (পাঠককে) দুনিয়া এবং আখিরাতে রক্ষা করেন, কল্যাণ ও রহমতের অধিকারী করেন এবং আপনাকে সেসব লোকদের অন্তর্ভুক্ত করেন—যারা আল্লাহর রহমত পেলে কৃতজ্ঞ হয়, বিপদে ধৈর্য্য ধারণ করে ও গুনাহ হয়ে গেলে তাওবাহ্ করে। প্রকৃতপক্ষে এ বিষয়গুলো হচ্ছে রহমত ও সৌভাগ্যের প্রতীক।

হে পাঠক, আল্লাহ যেন আপনাকে তাঁর আনুগত্যের (ইসলামের) সঠিক পথের সন্ধান দেন। জেনে রাখুন, 'ইবাদাতে' একনিষ্টতা' (আল্ হানিফিয়া) হচ্ছে ইব্রাহীম (আ.)-এর দ্বীনের মূলনীতি, যার মানে হলো 'শুধু আল্লাহর এবং শুধুমাত্র আল্লাহর ইবাদাত করা, দ্বীনকে সম্পূর্ণভাবে তাঁর জন্য খালিস' করে দিয়ে।' যেমন আল্লাহ বলেন:

وَمَا خَلَقْتُ الْجِنَّ وَالْإِنْسَ إِلَّا لِيَعْبُدُونِ (الذاريات: 56)

'আমার ইবাদাত ব্যতীত অন্য কোন কারণে আমি মানব ও জ্বীন জাতি সৃষ্টি করিনি।' (সুরা-আয়-যারিয়াত : ৫১ : ৫৬)

এখন আপনি জেনেছেন যে, মহান আল্লাহ আপনাকে সৃষ্টি করেছেন শুধুমাত্র তাঁর ইবাদাত করার জন্য। অতঃপর জেনে রাখুন যে, কোন ইবাদাতই আল্লাহর কাছে কবুল হবে না যদি তা তাওহীদ[°] বর্জিত হয় (অর্থাৎ শিরক⁸

ইবাদাত : ইবাদাত হচ্ছে এমন প্রকাশিত ও অপ্রকাশিত কথা এবং কাজ যা আল্লাহ পছন্দ করেন আর অনুমোদন করেন। (আল উবুদিয়াহ, ইবনে তাইফিয়া)

২. 'আর তাদেরকে এছাড়া আর কোন নির্দেশ দেওয়া হয়নি যে তারা একনিষ্টভাবে আল্লাহর ইবাদত করবে, দ্বীনকে শুধুমাত্র তাঁর জন্য খালিস করে দিয়ে।'

⁽সুরা-আল্-বাইয়্যিনাহ: ৯৮:৫)

৩. তাওহীদ : শান্দিকভাবে তাওহীদ অর্থ একীকরণ। ইসলামী পরিভাষায়, রব হিসেবে আল্লাহর কাজসমূহ, তাঁর নাম ও গুণাবলী এবং ইবাদাতের ক্ষেত্রে আল্লাহকে এক ও অদ্বিতীয় হিসেবে মানা এবং সবকিছু হতে আল্লাহকে আলাদা করে তাঁর ইবাদাত করা এবং আল্লাহ ব্যতীত অন্যান্য সবকিছুর ইবাদাত পরিত্যাগ করা হচ্ছে তাওহীদ।

শিরক: এ হচ্ছে তাওহীদ-এর বিপরীত। রব হিসেবে, ইবাদাতে এবং আল্লাহর নাম ও গণবলীতে অন্যকে শরীক করা হচ্ছে শিরক।

মিশ্রিত হয়)। যেমন সালাত কবুল হয় না যদি তা পবিত্রতা (ওজু, গোসল, আভ্যন্তরীণ পবিত্রতা ইত্যাদি) বর্জিত হয়। শিরক মিশ্রিত ইবাদাত নষ্ট হয়ে যায়^৫, ধ্বংস হয়ে যায়, পঁচে যায়। যেমনভাবে অপবিত্রতা (টয়লেট, স্ত্রী-মিলন ইত্যাদি) ওজুকে নষ্ট করে দেয়।

যখন এটা প্রমাণিত হলো যে, শিরক মিশ্রিত ইবাদাত দুষিত হয়, ধ্বংস হয়, কোন সুফল দেয় না, এই আমলসমূহ হারিয়ে যায় এবং শিরকে লিপ্ত লোকজন জাহানামের অধিবাসী হয়। তাই শিরক্কে ভালোভাবে জানা, শিরকমুক্ত থাকার গুরুত্ব ভালোভাবে উপলব্ধি করা আপনার জন্য একান্ত জরুরী। আমি আল্লাহর কাছে দোয়া করি যেন, তিনি আপনাকে এই জঞ্জাল হতে মুক্ত এবং নিরাপদ রাখেন, আর এই জঞ্জাল হচ্ছে আল্লাহর সাথে শরীক করা (অংশীদার সাব্যস্থ করা), যে সম্পর্কে আল্লাহ বলেন:

إِنَّ اللَّهِ لاَ يَغْفِرُ أَن يُشْرَكَ بِهِ وَيَغْفِرْ مَا دُونَ ذَلِكَ لِمَن يَشَاء وَمَن يُشْرِكُ بِاللَّهِ فَقَدِ افْتَرَى إِثْمًا عَظِيمًا (النساء: 48)

'নিশ্চয় আল্লাহ তাঁর সাথে শরীক করা ক্ষমা করবেন না। এটা ছাড়া অন্য সব যাকে ইচ্ছে মাফ করবেন এবং যে আল্লাহ্র সাথে শরীক করল, সে এক মহা অপবাদ আরোপ করল।' (সুক্সা-আন্-নিসা: 8:8৮)

শিরক্কে ভালোভাবে বুঝার অন্যতম উপায় হচ্ছে, পবিত্র কুরআনে আল্লাহ কর্তৃক বর্ণিত চারটি মূলনীতি জানা। সেগুলি হলো:

প্রথম মৃশনীতি : এই কথা জানা যে, যেসব কাফির-মুশরিকদের সাথে আল্লাহর রসুল (সা.) সংগ্রাম করেছেন তারা আল্লাহ কে রব^৭ বা প্রতিপালক

৫. 'আর ভোমার কাছে এবং তোমার আগে যারা ছিল তাদের কাছে এ বিষয়ে ওইী প্রেরণ করা হয়েছে যে, 'যদি তুমি আল্লাহর সাথে শিরক করো, তবে অবশ্যই তোমার সকল আমল বিনস্ট হয়ে যাবে এবং তুমি ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হয়ে যাবে।'

⁽সুরা-আয্-যুমার : ৩৯ : ৬৫)

৬. 'নিশ্চয়ই যে আল্লাহর সাথে শিরক করে, আল্লাহ তার জন্য জানাত হারাম করে দিয়েছেন এবং জাহানাম হবে তার বাসস্থান। আর সেদিন জালিমদের জন্য কোন সাহায্যকারী থাকবে না।' (সুরা-আল-মান্তিলাহ : ৫ : ৭২)

রব : প্রতিপালক। যিনি সৃষ্টি করেন, রিযিক দেন, জীবন ও মৃত্যু দেন, সারাবিশ্ব পরিচালনা করেন-তিনিই হলেন রব।

হিসেবে মানতো কিন্তু একক ইলাহ (ইবাদাত পাওয়ার অধিকারী) হিসেবে মানতো না। (তারা আল্লাহর পাশাপাশি ফেরেশতা, নবী-রসুল, অলী-আউলিয়াদের মুর্তি, কবর, মাজার, আগুন, গ্রহ-নক্ষত্র ইত্যাদিরও ইবাদাত করতো)। 'আসলেই আল্লাহ হচ্ছেন: আমাদের রব বা প্রতিপালক'-তাদের এই কথার স্বীকৃতি তাদেরকে ইসলামে প্রবেশ করায়নি (বা তারা মুসলিম বলে স্বীকৃত হয়নি)। এ কথার প্রমাণ হচ্ছে নিম্নোক্ত আয়াত:

قُلْ مَن يَرْزُقُكُم مِّنَ السَّمَاء وَالأَرْضِ أَمَّن يَمْلِكُ السَّمْعَ والأَبْصَارَ وَمَن يُخْرِجُ الْحَيَّ مِنَ الْمَيْتِ وَيُخْرِجُ الْمَيَّتَ مِنَ الْحَيِّ وَمَن يُدَبِّرُ الأَمْرَ فَسَيَقُولُونَ اللَّهُ فَقُلْ أَفَلاَ تَتَّقُونَ (يونس: 31)

তাদের জিজেস কর, 'আকাশ আর যমীন হতে কে তাদের জীবিকার ব্যবস্থা করে? কিংবা শ্রবণশক্তি ও দর্শনশক্তি কার মালিকানাধীন? আর মৃত থেকে জীবিতকে কে বের করেন আর কে মৃতকে জীবিত থেকে বের করেন? যাবতীয় বিষয়ের শাসন ও নিয়ন্ত্রণ কার অধীনস্থ?' তারা বলে উঠবে, "আল্লাহ"। তাহলে তাদেরকে বল, 'তবুও তোমরা তাক্ওয়া অবলম্বন করবে না?' (সুরা-ইউনুস: ১০:৩১)

দিতীয় মৃশনীতি : সকল যুগের কাফির-মুশরিকরা এ কথাই বলে যে, 'আমরা আল্লাহর অনুগ্রহ পাওয়া এবং তাদের শাফায়াত প্রাপ্তি ছাড়া অন্য কোন কারণে এসবের ইবাদাত করিনা এবং এদের কাছে যাই না।' (আমাদের Ultimate Aim হচ্ছে আল্লাহর নিকটবর্তী হওয়া)^{১০} কাফির-মুশরিকদের এ

৮. ইলাহ : যিনি ইবাদাত পাওয়ার একমাত্র অধিকারী। বান্দার ভয়, ভালোবাসা, আশা, আনুগত্য ও সকল ইবাদাত পাওয়ার একমাত্র অধিকারী যিনি।

৯. 'তুমি বলো এ পৃথিবী এবং এতে যা কিছু আছে এসব কার? যদি তোমরা জানো। তারা বলবে, আল্লাহর। বলো তবে তোমরা কেন শ্বরণ রাখো না? বলো, কে সাত আসমানের মালিক এবং কে আরশের মালিক? তারা সাথে সাথে বলবে, আল্লাহ। বলো, তবে কেন তোমরা মেনে চলো না? বলো, কে তিনি, যার হাতে সবকিছুর কর্তৃত্ব রয়েছে, আর কে নিরাপত্তা প্রদান করেন অখচ যাকে নিরাপত্তা পেতে হয় না, খিদ তোমরা জানো? তারা সাথে সাথে বলবে, আল্লাহ। বলো, তবে কেমন করে তোমানের সম্মোহন করা হয়েছে?'

১০. আমাদের যুগেও শিরকে লিও লোকজনও এই যুক্তি দেখায় যে, তারা আল্লাহর নৈকট্য লাভের এবং অলী-আউলিয়াদের লাফায়াত লাভের ইচ্ছায়ই এসব অলী-আউলিয়াদের মাজারে যায়, তাদের কাছে দোয়া করে, তাদের উরশ পালন করে, তাদের নামে কুরবানী দেয়, পাকা মাজারে হাত দিয়ে ঘমে ফয়েজ বা বরকত হাসিল করে ইত্যাদি।

পদ্ধতিতে আল্লাহর অনুগ্রহ লাভ এবং নেক বান্দাদের শাফায়াত লাভের বাসনায় তাদের ইবাদাত করার প্রমাণ হচ্ছে নিম্নের আয়াত:

أَلَا لِللّٰهِ الدِّينُ الْحَالِصُ وَالَّذِينَ اتَّخَذُوا مِن دُونِهِ أَوْلِيَاء مَا نَعْبُدُهُمْ إِلَّا لِيُقَرِّبُونَا إِلَى اللّٰهِ زُلْفَى إِنَّ اللّٰهَ يَحْكُمُ بَيْنَهُمْ فِي مَا هُمْ فِيهِ يَخْتَلِفُونَ إِنَّ اللّٰهَ لَا يَهْدِي مَنْ هُوَ كَاذِبٌ كَفَّارٌ (الزمر: 3)

'জেনে রেখ, খালেস দ্বীন কেবল আল্লাহ্রই জন্য। যারা তাঁকে বাদ দিয়ে অন্যদেরকে অভিভাবক বানিয়ে নিয়েছে তারা বলে— আমরা তাদের 'ইবাদাত একমাত্র এ উদ্দেশেই করি যে, তারা আমাদেরকে আল্লাহ্র নৈকট্যে পৌছে দেবে। (সত্য পথ থেকে সরে গিয়ে মিথ্যে পথ ও মতের জন্ম দিয়ে) তারা যে মতভেদ করছে, আল্লাহ তার চূড়ান্ত ফায়সালা করে দেবেন। যে মিথ্যেবাদী ও কাফির আল্লাহ তাকে সঠিক পথ দেখান না। বিষ্কাল্যার এ৯ ৩০।

এবং শাফায়াত প্রাপ্তির আশা করার প্রমাণ হলো নিম্নোক্ত আয়াত:

وَيَعْبُدُونَ مِن دُونِ اللّٰهِ مَا لاَ يَضُرُّهُمْ وَلاَ يَنفَعُهُمْ وَيَقُولُونَ هَـؤُلاء شُفَعَاؤُنَا عِندَ اللهِ قُل أَثْنَبَّتُونَ اللهِ بِمَا لاَ يَعْلَمُ فِي السَّمَاوَاتِ وَلاَ فِي الأَرْضِ سُبْحَانَهُ وَتَعَالَى عَمَّا يُشْرِكُونَ (يونس: 18)

'আর তারা আল্লাহ্কে ছেড়ে 'ইবাদাত করে এমন কিছুর যা না পারে তাদের কোন ক্ষতি করতে, আর না পারে কোন উপকার করতে। আর তারা বলে, "ওগুলো আমাদের জন্য আল্লাহ্র কাছে সুপারিশকারী"। বল, "তোমরা কি আল্লাহ্কে এমন কিছুর সংবাদ দিতে চাও আকাশমণ্ডলীতে যার অন্তিত্ব সম্পর্কে না কিছু তিনি জানেন, আর না জানেন যমীনে থাকা সম্পর্কে। মহান পবিত্র তিনি, তোমরা যা কিছুকে তাঁর শরীক গণ্য কর তাখেকে তিনি বহু উর্ধ্বে।' (সুরা-ইউনুস : ১০ : ১৮)

এবং শাফায়াত হচ্ছে দুই প্রকার। ১. নিষিদ্ধ বা হারাম শাফায়াত ২. শরীয়ত সমতে শাফায়াত। হারাম বা নিষিদ্ধ শাফায়াত হচ্ছে, আল্লাহ ব্যতীত অন্য কারো কাছে যে শাফায়াত কামনা করা হয়, যদিও এ ব্যাপারে আল্লাহ ব্যতীত অন্য কারো ক্ষমতা নেই। এর প্রমাণ হচ্ছে আল্লাহ রাব্বুল আল–আমীনের নিম্নোক্ত বাণী:

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُواْ أَنفِقُواْ مِمَّا رَزَقْنَاكُم مِّن قَبْلِ أَن يَأْتِيَ يَوْمُ لاَّ بَيْعُ فِيهِ وَلاَ خُلَّةُ وَلاَ شَفَاعَةُ وَالْكَافِرُونَ هُمُ الظَّالِمُونَ (البقرة: 254) 'হে ঈমানদারগণ! আমার দেয়া জীবিকা থেকে খরচ কর সেদিন আসার পূর্বে যেদিন কোন দর কষাকষি, বন্ধুত্ব এবং সুপারিশ কাজে আসবে না। বস্তুতঃ কাফিরগণই অত্যাচারী।' (সুরা আল-বাকারা: ২: ২৫৪)

শরীয়ত সম্মত শাফায়াত হচ্ছে, শুধুমাত্র আল্লাহর কাছে যে শাফায়াত কামনা করা হয়। আল্লাহ শাফায়াত লাভকারীকে শাফায়াতের মাধ্যমে সম্মানিত করেন। তার কথা ও আমলসমূহ আল্লাহর অনুমতি পাওয়ার পর তার সন্তুষ্টি লাভ করে ঠিক যেমন আল্লাহ বলেন:

(255:مَن ذَا الَّذِي يَشْفَعُ عِنْدَهُ إِلاَّ بِإِذْنِهِ (البقرة: 255)

'কে আছে এমন যে তাঁর অনুমতি ব্যতীত তাঁর নিকট সুপারিশ করতে পারে?'

পারে: 'ব্রা-আল্-বাকারা : ২ : ২৫৫)

তৃতীয় মৃদনীতি : প্রকৃতপক্ষে মানুষ বহু কিছুর ইবাদাত করে। কেউ ফেরেশতার ইবাদাত করে, কেউবা নবী অথবা সং লোকদের ইবাদাত করে, কেউবা গাছ অথবা পাথরের আবার কেউবা সূর্য ও চন্দ্রের ইবাদাত করে। নবী (সা.) এদের সবার বিরুদ্ধে সমানভাবে সংগ্রাম করেছেন, এদের ভেতর পার্থক্য করেননি। এর প্রমাণ হচ্ছে নীচের আয়াত:

وَقَاتِلُوهُمْ حَتَّى لاَ تَكُونَ فِتْنَةُ وَيَكُونَ الدِّينُ كُلُّهُ لِللهِ فَإِنِ انتَهَوْاْ فَإِنَّ اللهِ بِمَا يَعْمَلُونَ بَصِيرُ (الأنفال: 39)

'তাদের বিরুদ্ধে যুদ্ধ চালিয়ে যাও যে পর্যন্ত না ফিতনা খতম হয়ে যায় আর দ্বীন পুরোপুরিভাবে আল্লাহ্র জন্য হয়ে যায়। অতঃপর তারা যদি বিরত হয় তাহলে তারা (ন্যায় বা অন্যায়) যা করে আল্লাহ তার সম্যক দ্রষ্টা।' (সুরা-আনফাল: ৮: ৩৯)

এবং মানুষ সূর্য ও চন্দ্রের ইবাদাত করে, এর প্রমাণ হচ্ছে নীচের আয়াত : وَمِنْ آيَاتِهِ اللَّيْلُ وَالتَّهَارُ وَالشَّمْسُ وَالْقَمَرُ لَا تَسْجُدُوا لِلشَّمْسِ وَلَا لِلْقَمَرِ وَالسَّجُدُوا لِلشَّمْسِ وَلَا لِلْقَمَرِ وَالسَّجُدُوا لِلْتِيَّالَذِي خَلَقَهُنَّ إِن كُنتُمْ إِيَّاهُ تَعْبُدُونَ (نصلت: 37)

'তাঁর নিদর্শনগুলোর মধ্যে হল রাত, দিন, সূর্য আর চন্দ্র। সূর্যকে সাজদাহ করো না, চন্দ্রকেও না। সাজদাহ কর আল্লাহকে যিনি ওগুলোকে সৃষ্টি করেছেন যদি সত্যিকারভাবে একমাত্র তাঁরই তোমরা ইবাদাত করতে চাও।' (সুরা-হা-মীম সেঞ্চনা: ৪১:৩৭)

১১. 'যা কিছু তাদের সামনে আর যা কিছু তাদের পেছনে আছে সবই তিনি জানেন। আর আল্লাহ যার উপর সন্তুষ্ট সে ব্যতীত অন্য কারো জন্য তারা সুপারিশ করে না।'
(সুরা-আল-আঘিয়া: ২১: ২৮)

কেউ কেউ ফেরেশতাদের ইবাদাত করে। আল্লাহ বলেন:

وَلاَ يَأْمُرَكُمْ أَن تَتَخِذُواْ الْمَلاَئِكَةَ وَالنّبِيّيْنَ أَرْبَابًا أَيَأْمُرُكُم بِالْكُفْرِ بَعْدَ إِذْ أَنتُم مُسْلِمُونَ (آل عمران: 80)

'সে ব্যক্তি তোমাদেরকে বলবে না যে, তোমরা ফেরেশতাদেরকে এবং নবীদেরকে মা'বৃদরূপে গ্রহণ কর, তোমরা মুসলিম হওয়ার পরও কি সে তোমাদেরকে কুফরীর নির্দেশ দিতে পারে?' (সুরা-আ'ল-ইমরান : ৩ : ৮০)

কেউবা নবী-রসুলদের ইবাদাত করে, এর প্রমাণ হচ্ছে নিম্নোক্ত আয়াত :

وَإِذْ قَالَ اللّٰهُ يَا عِيسَى ابْنَ مَرْيَمَ أَأَنْتَ قُلتَ لِلنَّاسِ اغَخِذُونِي وَأْتِي إِلَـهَيْنِ مِن دُونِ اللّٰهِ قَالَ سُبْحَانَكَ مَا يَكُونُ لِي أَنْ أَقُولَ مَا لَيْسِ لِي يِحَقِّ إِن كُنتُ قُلْتُهُ فَقَدْ عَلِمْتَهُ

(116: الله: المُعْرَبُ الْغُيُوبِ (الله: 116) কৈ না হুল আল্লাহ ঈসা ইবনু মারইয়ামকে বললেন, তুমি কি লোকেদেরকে বলেছিলে, আল্লাহকে ছেড়ে আমাকে আর আমার মাকে ইলাহ বানিয়ে নাও।' (উত্তরে) সে বলেছিল, 'পবিত্র মহান তুমি, এমন কথা বলা আমার শোভা পায় না যে কথা বলার কোন অধিকার আমার নেই, আমি যদি তা বলতাম, সেটা তো তুমি জানতেই; আমার অন্তরে কী আছে তা তুমি জান কিন্তু তোমার অন্তরে কী আছে তা আমি জানি না, তুমি অবশ্যই যাবতীয় গোপনীয় তত্ত্ব সম্পর্কে পূর্ণরূপে ওয়াকেফহাল।' (গুরা-আল্-মারিদাহ: ৫:১১৬) কেউবা নেককার লোকদের অথবা অলী-আউলিয়াদের ইবাদাত করে, এর প্রমাণ আল্লাহর নিম্লোক্ত আয়াত:

أُولَـثِكَ الَّذِينَ يَدْعُونَ يَبْتَغُونَ إِلَى رَبِّهِمُ الْوَسِيلَةَ أَيُّهُمْ أَقْرَبُ وَيَرْجُونَ رَحْمَتهُ وَيَخَافُونَ عَذَابَهُ إِنَّ عَذَابَ رَبِّكَ كَانَ مَحْذُورًا (الإسراء: 57)

'তারা যাদেরকে ডাকে তারা নিজেরাই তো তাদের প্রতিপালকের নিকট পৌছার পথ অনুসন্ধান করে যে, কে তাঁর অধিক নিকটবর্তী হতে পারবে, আর তাঁর দয়া প্রত্যাশা করে এবং তাঁর শাস্তিকে ভয় করে। তোমার প্রতিপালকের শাস্তি তো ভয় করার মতই।' (সুরা-আল্-ইছ্রাহ : ১৭ : ৫৭)

১২. উমর (রা.) বলেন, 'আমি আল্লাহর রসুল (সা.)-কে বলতে শুনেছি : 'তোমরা আমার প্রশংসা করতে গিয়ে সীমালজ্ঞান করোনা যেভাবে খ্রিস্টানরা ঈসা ইবনে মারইয়াম সম্বন্ধে করেছিলো, কারণ আমি শুধুমাত্র এক বান্দাহ। তাই তোমরা আমার ব্যাপারে বলবে 'আল্লাহর বান্দা ও রসুল'।' (সহীহ বুখারী : ৪/৬৫৪)

: अश्वाव शाष्ट्र ও পাথরের ইবাদাত করে। এর প্রমাণ আল্লাহর নিম্নোক্ত আয়াত: أَفَرَأَيْتُمُ اللَّاتَ وَالْعُزَّى – وَمَنَاةِ الظَّالِثَةَ الْأُخْرَى (التَّجْدِ: 19-20)

'তোমরা কি ভেবে দেখোনা, লাত^{১৩} ও উযযা^{১৪} এবং মানাত, তৃতীয় আরেকটি^{১০} (সুরা-নাৰুম : ৫৩ : ১৯-২০)

এবং আবু ওয়াবিবদ আল লাইতি (রা.) বলেন, 'আমরা আল্লাহর রসুল (সা.)-এর সাথে হুনায়ুনের যুদ্ধে বের হলাম যখন আমরা সবেমাত্র কুফর পরিত্যাগ করে ইসলামে প্রবেশ করেছি। মুশরিকদের একটি সিদরা (এক ধরনের গাছ) ছিলো, যেখানে ওরা বিশ্রাম নিতো এবং অন্ত ঝুলিয়ে রাখতো, একে বলতো 'যাত আন্ওয়াত'। যখন আমরা একটি সিদরার পাশ দিয়ে যাচ্ছিলাম, আমরা প্রশ্ন করলাম, 'হে আল্লাহর রসুল, আপনি আমাদের জন্য ওদের 'যাত আন্ওয়াতের' মতো একটি 'যাত আন্ওয়াত' বানিয়ে দিবেন না ''ই

চতুর্থ মূলনীতি : এটা জানা যে, বর্তমান যুগের মুশরিকগণ, পূর্বের যুগের মুশরিকদের তুলনায় শিরকের ব্যাপারে অধিক অগ্রসর (أغلظ)। কারণ পূর্ববতী যুগের মুশরিকরা শুধু সুখ-স্বাচ্ছন্দের সময় শিরক করতো কিন্তু

১৩. **লাত :** ইবনে আব্বাস (রা.) হতে বর্ণিত লাত হচ্ছে : সুদূর অতীতে একটি চারকোনা বিশিষ্ট পাথরে বসে একজন ইহুদী হাজ্বীদের জন্য 'সাতু' তৈরি করে খেতে দিতো, লোকটি সেখানে মৃত্যুবরণ করলে লোকেরা তার সততা ও ভালো কাজের জন্য এ পাথরকে সম্মান করে এবং এর পাশে অবস্থান গ্রহণ করতে আরম্ভ করে। (সহীহ বৃখারী : ৬/৩৮২, ইবনে কাছীর, তাফশীকল কুরআনুল আজীম ৪/২৫)

১৪. উয়য়া: এই দেবতাটি ছিল বত্নে নাখ্লাহ নামক স্থানের তিনটি ছোট বাব্লা গাছের সমষ্টি। (ইবনে জারীর আত-ত্বারী, জামিউল বায়ান ফি তাফসীকল কুরআন, ২৭/৫৯ ও মাওলানা সুলায়মান নদ্ভী, তারিশ্ব আরদিল কুরআন: প. ৪২০)

১৫. আবু হুরায়রা (রা.) হতে বর্ণিভ, আল্লাহর রসুল (সা.) বলেছেন, 'যে ব্যক্তি শপথ করার সময় লাত ও উয়য়ার কসম খায়, সে য়েন বলে, 'লা ইলাহা ইল্লাল্লাহ', যে ব্যক্তি তার সাখীকে বলে, এসো, আমরা জোয়া খেলি।' সে য়েন অবশ্যই সদ্কা করে (বিনিময় হিসেবে)' (সহীহ বুখারী: ৮/৬৪৫)

১৬. হাদিসটি ইমাম তিরমিয়ী বর্ণনা করেছেন এবং একে 'হাসান সহীহ' বলেছেন। এছাড়াও ইমাম আহমদ, ইবনে আবি আসিম ও ইবনে হিব্বান বর্ণনা করেছেন এবং ইবনে হাজার এক 'সহীহ' হিসেবে মন্তব্য করেছেন।

আমাদের সময়ের মুশরিকরা সুখের সময় ও বিপদের সময় সমানভাবে শিরকে লিপ্ত থাকে^{১৭}।

এ কথার প্রমাণ আল্লাহর বাণী:

فَإِذَا رَكِبُوا فِي الْفُلْكِ دَعَوُا اللَّهَ مُخْلِصِينَ لَهُ الدِّينَ فَلَمَّا نَجَّاهُمْ إِلَى الْبَرَّ إِذَا هُمْ يُشْرِكُونَ (العنكبوت: 65)

'তারা যখন নৌযানে আরোহণ করে তখন বিশুদ্ধ অন্তঃকরণে একনিষ্ঠ হয়ে তারা আল্লাহ্কে ডাকে। অতঃপর তিনি যখন তাদেরকে নিরাপদে স্থলে পৌছে দেন, তখন তারা (অন্যকে আল্লাহ্র) শরীক করে বসে।'^{১৮}

(সুরা-আন্-কাবুত : ২৯ : ৬৫)

- ১৭. সুখের সময় যেমন: বিদেশ গমন করলে, পরীক্ষায় ভালো ফলাফল করলে, বাড়ি-গাড়ি কিনলে, মাজার বা পীরের আন্তানায় গিয়ে টাকা-পয়সা, গরু-ছাগল দিয়ে আসে, আবার বিপদে পড়লে বা অসুখ-বিসুখ, ব্যবসায় মন্দা, জেল-জরিমানার সময়ও ভাড়াহড়া করে মাজার অথবা পীরের বাড়িতে যায়, 'ইয়া আলী', 'ইয়া আউলিয়া', 'ইয়া বায়েজীদ বোস্তামী' বলে বিপদ হতে উদ্ধারের জন্য ভাকে।
- ১৮. আলাহ সুবহানান্থ তায়ালা বলেন, 'যখন সমুদ্রে তোমাদের উপর বিপদ আসে, তখন শুধু আলাহ ব্যতীত যাদেরকে তোমরা আহ্বান করে থাকো, তাদের ভূলে যাও। অতঃপর তিনি যখন তোমাদেরকে স্থলে পৌছিয়ে উদ্ধার করে নেন, তখন তোমরা মুখ ফিরিয়ে নাও। মানুষ বড়ই অকৃতজ্ঞ। (সুরা-আল-ইছ্রাহ: ১৭:৬৭)

ইবনে কাছীর তাঁর তাফসিরে এই আয়াতের ব্যাখ্যায় বলেন, ইকরামা বিন আবু জেহেল মক্কা বিজয়ের সময় আল্লাহর রসুল (সা.) হতে পলায়ন করে। সে ইথিওপিয়া যাওয়ার ইচ্ছায় লোহিত সাগর পাড়ি দিতে যায়। কিন্তু সাগরের মধ্যে একটি বিশাল ঝড় তাদের পেরে যায় এবং বড় বড় টেউ তাদের নৌকায় আঘাত করতে থাকে। তারা ধারণা করেছিলো যে, তারা দুবে যাবে। নৌকার লোকজন একে অপরকে বলতে থাকে, আল্লাহ ছাড়া কেউ তোমাদের কক্ষা করতে পারবেনা। তাই এখন তাঁর কাছে দোয়া করো ও তাকে ডাকো (খালিছভাবে) যাতে তিনি তোমাদেরকে নিরাপদে স্থলে ফিরিয়ে দেন। ইকরামা বললেন, 'আল্লাহর কসম, যদি সমুদ্রে আল্লাহ ছাড়া আর কেউ সাহায্য করতে না পারে, তবে অবশ্যই স্থলভাগেও আল্লাহ ছাড়া আর কেউ সাহায্য করতে না পারে, তবে অবশ্যই স্থলভাগেও আল্লাহ ছাড়া আর কেউ সাহায্য করতে না পারে, তবে অবশ্যই স্থলভাগেও তালাহ ছাড়া আর কেউ সাহায্য করতে না পারে, তবে অবশ্যই স্থলভাগেও তালাহ ছাড়া আর কেউ সাহায্য করতে না পারে করশাই মোহাম্মাদ (সা.)-এর হাতে বাইয়াত নিবো এবং অবশ্যই আমি তাকে কোমল হদয় হিসেবে পাবো।' যখন তাদের নিরাপদে স্থলে ফিরিয়ে দেওয়া হলো এবং তারা সমুদ্র হতে নিরাপদ স্থানে ফেরত আসলো, তখনই ইকরামা, আল্লাহর রসুল মোহাম্মাদ (সা.)-এর কাছে গেলেন, ইসলাম গ্রহণ করলেন আর সতিয়কার মুসলিম হয়ে গেলেন।

সালাতের পূর্বশর্ত পবিত্র হওয়া, নিয়্যত করা, কি্বলামুখী হওয়া ইত্যাদির ব্যাপারে আমরা সবাই জানি এবং খুবই সতর্কতার সাথে মেনে চলি। এসব পূর্বশর্তসমূহের যেকোনো একটির ব্যাত্যয় ঘটলে সম্পূর্ণ সালাত অগ্রহণযোগ্য হয়ে যায়। ইসলামের দিতীয় স্তম্ভ সালাতের পূর্বশর্তসমূহ সম্পর্কে আমরা সবাই সচেতন, কিন্তু প্রথম স্তম্ভ ঈমান তথা 'লা ইলাহা ইল্লাল্লাহ' এর পূর্বশর্তগুলো সম্পর্কে আমরা কি সচেতন? এই পূর্বশর্তগুলো কী কী?

কুকু-সিজদা যেমন সালাতের ক্লকন বা স্তম্ভ — এ
রকম ক্লকনগুলো আদায় করা ছাড়া শতবার
সালাত আদায় করলেও তা সালাত হিসেবে গণ্য
হবে না। তেমনি 'লা ইলাহা ইল্লাল্লাহ'-এর
ক্লকন তথা স্তম্ভসমূহ কী কী—যা অস্তরে, কথায়
ও কাজে বাস্তবায়ন না করলে ঈমান গ্রহণযোগ্য
হয় না? 'লা ইলাহা' কথাটির মাধ্যমে একজন
মুসলিম কী কী বাতিল ইলাহ তথা তাগুতকে
অস্বীকার বা পরিত্যাগ করে থাকে? 'ইল্লাল্লাহ'
কথাটির মাধ্যমে একজন মুসলিম কী কী ক্ষেত্রে
আল্লাহকে এক ও অদ্বিতীয় বলে স্বীকৃতি দেয়?

বিভিন্নভাবে যেমন ওয়ু, সালাত, সিয়াম ভেঙ্গে যায়; নতুনভাবে ওয়ু করতে হয়, সালাত আদায় করতে হয়, সিয়াম পালন করতে হয়; তেমনি কী কী কাজের মাধ্যমে একজন মুসলিমের ঈমান ভেঙ্গে যায়? মুসলিম জীবনের অতীব গুরুত্বপূর্ণ এই বিষয়সমূহের সাথে পাঠকদেরকে পরিচয় করিয়ে দেবে 'প্রত্যেক মুসলিমের যে সব বিষয় জানা ওয়াজিব'গ্রন্থটি।

Published by



Pandulipi Prokashon Manikpir Road, Kumarpara, Sylhet. Mobile: 01712868329 ISBN: 978-984-8922-11-8